




NARSINGHA

ই-পেপার: www.ekdin epaper.com

# একদিন

EKDIN

এগিয়ে চলার সঙ্গী








৩ অন্নপূর্ণার অর্থ পেয়েছেন ৭৯ লক্ষ মহিলা: মুখ্যমন্ত্রী

আরজি কর মামলার তদন্তের অগ্রগতি খতিয়ে দেখতে পরিদর্শনে সিবিআই ৩



কলকাতা ১৬ জুন ২০২৬ ২ আষাঢ় ১৪৩৩ মঙ্গলবার উনবিংশ বর্ষ ৩৬৩ সংখ্যা ৮ পাতা ৩.০০ টাকা ■ Kolkata 16.06.2026, Vol.19, Issue No. 363, 8 Pages, Price 3.00







## বিশ্বকাপ

**আজকের খেলা**

অস্ট্রিয়া বনাম জর্ডন
(ভারতীয় সময় সকাল ৯টা)

ফ্রান্স বনাম সেনেগাল
ভারতীয় সময় রাত ১২.৩০ (জুন ১৭)

**গতকালের ফলাফল**

সুইডেন- ৫ তিউনিসিয়া-১

আইভরি- ১ ইকুয়েডর- ০

নেদারল্যান্ডস- ২ জাপান- ২






# পুরভোটের ঢাকে কাঠি শুভেন্দুর

## আগামী ছ'মাসের মধ্যেই নির্বাচিত বোর্ডের হাতে দায়িত্ব

**নিজস্ব প্রতিবেদন:** কলকাতা পুরসভার প্রশাসনিক ভবিষ্যৎ নিয়ে জল্পনার মাঝেই বড় ইঙ্গিত দিলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। পুরভবনের মঞ্চ থেকে তিনি স্পষ্ট জানিয়ে দিলেন, প্রশাসক ব্যবস্থা স্থায়ী নয়। আগামী ছ'মাসের মধ্যেই কলকাতা পুরসভার দায়িত্ব নির্বাচিত বোর্ডের হাতে তুলে দেওয়াই সরকারের লক্ষ্য। ফলে চলতি বছরের ডিসেম্বরের মধ্যেই কলকাতা পুরভোটের সম্ভাবনা উজ্জ্বল হয়ে উঠল বলে মনে করছে রাজনৈতিক মহল।



সোমবার কলকাতা পুরসভায় 'স্বচ্ছতা সে স্বাগত' কর্মসূচির উদ্বোধন করতে গিয়ে মুখ্যমন্ত্রী বলেন, বিদায়ী মেয়রের পদত্যাগের পর আইনি নিয়ম মেনেই রাজ্য সরকার তিন দিনের মধ্যে নতুন বোর্ড গঠনের সুযোগ দিয়েছিল। কিন্তু সংখ্যাগরিষ্ঠ দল সেই দায়িত্ব পালন করতে ব্যর্থ হওয়ায় সরকার বাধ্য হয়ে প্রশাসক নিয়োগ করেছে।

শুভেন্দুর কথায়, '৮ জুন প্রশাসক বসানো হয়েছে। আগামী ছ'মাস অর্থাৎ ৭ ডিসেম্বরের মধ্যে রাজ্য নির্বাচন কমিশনের মাধ্যমে নির্বাচিত কর্পোরেশনের হাতে দায়িত্ব তুলে দেওয়াই আমাদের লক্ষ্য। গণতন্ত্রে শেষ কথা মানুষই বলে।'

মুখ্যমন্ত্রীর এই বক্তব্য কার্যত কলকাতা পুরভোটের সম্ভাব্য সময়সীমা সামনে এনে দিল। রাজনৈতিক পর্যবেক্ষকদের মতে, পুরসভা প্রশাসনের উপর সরাসরি নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার পাশাপাশি দ্রুত নির্বাচনের আশ্বাস দিয়ে সরকার একদিকে গণতান্ত্রিক ভাবমূর্তি তুলে ধরতে চাইছে, অন্যদিকে পুর প্রশাসনের বর্তমান কাজকর্মের দায়ও নিজেদের হাতে রাখতে চাইছে।

কলকাতা পুরসভার গুরুত্ব তুলে ধরে মুখ্যমন্ত্রী বলেন, এই শহর শুধু কলকাতাবাসীর নয়, গোটা পূর্ব ভারতের অর্থনৈতিক ও প্রশাসনিক কেন্দ্র। প্রতিদিন লক্ষ লক্ষ মানুষের পরিষেবার সঙ্গে জড়িয়ে রয়েছে পুরসভার কাজ। পানীয় জল, নিকাশি, সাফাই, পার্ক রক্ষণাবেক্ষণ, জন্ম-মৃত্যুর নথিভুক্তিকরণ, বিল্ডিং প্ল্যান অনুমোদন থেকে শুরু করে একাধিক পরিষেবা একদিনের জন্যও বন্ধ রাখা সম্ভব নয়।

সেই কারণেই নির্বাচিত বোর্ড না থাকায় প্রশাসক নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে দাবি করেন তিনি। পাশাপাশি বিদায়ী কাউন্সিলর, জনপ্রতিনিধি এবং সাধারণ নাগরিকদের প্রশাসককে সহযোগিতার আবেদনও জানান। তবে মুখ্যমন্ত্রীর বক্তব্যে আরেকটি গুরুত্বপূর্ণ রাজনৈতিক বার্তাও স্পষ্ট। তিনি জানান, কলকাতার ওয়ার্ড পুনর্বিন্যাস বা ডিলিমিটেশন প্রক্রিয়া সম্পন্ন করে নির্বাচনের পথে এগোতে চায় সরকার। অর্থাৎ আগামী কয়েক মাসে পুরভোটের আগে ওয়ার্ডসীমা পুনর্নির্ধারণের কাজও শুরু হতে পারে।



রেড রোডে যোগ দিবসের প্রস্তুতি চরমে। ছবি: অদিতি সাহা

# যোগ দিবসকে উৎসবে পরিণত করার আহ্বান

**নিজস্ব প্রতিবেদন:** আন্তর্জাতিক যোগ দিবসকে ঘিরে রাজ্যজুড়ে ব্যাপক জনঅংশগ্রহণের ডাক দিলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। কলকাতা পুরসভার 'স্বচ্ছতা সে স্বাগত' কর্মসূচির মঞ্চ থেকে তিনি স্পষ্ট জানিয়ে দেন, এ বছরের যোগ দিবসকে শুধু একটি সরকারি অনুষ্ঠান হিসেবে নয়, বরং 'উৎসব' হিসেবে পালন করতে চায় রাজ্য সরকার। সেই লক্ষ্যেই ২১ জুন রেড রোডে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উপস্থিতিতে আয়োজিত মেগা অনুষ্ঠানে যোগ দেওয়ার জন্য সাধারণ মানুষের কাছে আবেদন জানান তিনি।

যোগ দিবসের এই কর্মসূচির জন্য রেড রোড সাত দিনের জন্য বন্ধ রাখা হচ্ছে। ইতিমধ্যেই মঞ্চ নির্মাণের কাজ শুরু হয়েছে। সেই কারণে রবিবার রাত ১০টা থেকে আগামী রবিবার (২১ জুন) পর্যন্ত রেড রোডে সমস্ত ধরনের যান চলাচল বন্ধ রাখা হয়েছে।

মুখ্যমন্ত্রী বলেন, বিশ্বের ১৮১টি দেশ আন্তর্জাতিক যোগ দিবসকে স্বীকৃতি দিয়েছে। কিন্তু অতীতে পশ্চিমবঙ্গে যোগ দিবসকে যথাযথ গুরুত্ব দেওয়া হয়নি। তাঁর অভিযোগ, আগের সরকার রাজনৈতিক কারণে এই কর্মসূচি থেকে দূরত্ব বজায় রেখেছিল। এবার সেই পরিস্থিতির পরিবর্তন ঘটাতে চায় নতুন সরকার। শুভেন্দুর কথায়, 'যোগ দিবসের সঙ্গে রাজনীতির কোনও সম্পর্ক নেই। এটি স্বাস্থ্য, শৃঙ্খলা এবং সুস্থ জীবনযাপনের বিষয়। তাই এবার গোটা বাংলায় যোগ দিবসকে জনআন্দোলনের রূপ দিতে হবে।'

রেড রোডের মূল অনুষ্ঠানের পাশাপাশি রাজ্যের প্রতিটি পাড়া, মহল্লা, পার্ক, স্কুল এবং মন্দির সংলগ্ন এলাকায় যোগাভ্যাসের আয়োজন করার আহ্বান জানান তিনি। মুখ্যমন্ত্রীর বক্তব্য, 'প্রতি মহল্লায়, প্রতি এলাকায়, প্রতি পার্কে যোগা হোক। একে উৎসবে পরিণত করুন। যোগা-পূজা করে দিন।'

## বাধ্যতামূলক

■ **কলকাতায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উপস্থিতিতে আয়োজিত রাজ্যস্তরের যোগ দিবস কর্মসূচিতে অংশগ্রহণ নিশ্চিত করতে সমস্ত দপ্তরকে বিশেষ নির্দেশ পাঠিয়েছে মুখ্যসচিবের দপ্তর। শুধু অংশগ্রহণই নয়, প্রতিটি দপ্তরকে নির্দিষ্ট সংখ্যক কর্মী পাঠানো এবং 'যোগ সঙ্গম' পোর্টালে নথিভুক্তিকরণ সম্পূর্ণ করার নির্দেশও দেওয়া হয়েছে।**

# প্রাথমিকের দুর্নীতিতে ম্যারাথন জেরা ইডির

**নিজস্ব প্রতিবেদন:** প্রাথমিকের শিক্ষক নিয়োগ দুর্নীতির মামলায় জিজ্ঞাসাবাদের জন্য অভিষেক বন্দ্যোপাধ্যায়কে সোমবার তলব করা হয় এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের তরফ থেকে। সেই তলবে সিজিও কমপ্লেক্সে হাজিরা দেওয়ার পর শুরু হয় জিজ্ঞাসাবাদ। ইডি সূত্রে খবর, এই মামলায় সিবিআইয়ের দেওয়া তৃতীয় অতিরিক্ত চার্জশিটের সূত্র ধরেই অভিষেককে জিজ্ঞাসাবাদ করা হয়। সেখানে ১৫ মিনিটের একটি কথোপকথনের কথাও উল্লেখ করা হয়েছিল সুজয়কৃষ্ণ ভদ্র ওরফে 'কালীঘাটের কাকু'-কে। এর পাশাপাশি গ্রেপ্তার হয়েছিলেন তৃণমূলের প্রাক্তন যুবনেতা শান্তনু বন্দ্যোপাধ্যায় ও কুন্তল ঘোষও। এদিকে ২০১৭ সালে সুজয়কৃষ্ণের বেহালার বাড়িতে এই তিন জনের মধ্যে একটি বৈঠক হয়েছিল। তদন্ত করতে নেমে সেই সময়কার একটি অডিয়ো রেকর্ডিং হাতে পায় সিবিআই। চার্জশিটে তিন অভিযুক্তের ১৫ মিনিটের কথোপকথন উল্লেখ করা হয়েছিল।

## আজ তলব ডিজেতে

হয়েছে। আর এই কথোপকথনে বারবার উঠে এসেছে জনৈক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নাম। শুধু তাই নয়, চাকরি বিক্রি, ঘুষের টাকা ভাগাভাগি নিয়ে দ্বন্দ্বের কথা শোনা গিয়েছে সেই কথোপকথনে। সে বিষয়ে অভিষেককে প্রশ্নের মুখোমুখি হতে হচ্ছে। এই প্রতিবেদন লেখা পর্যন্ত ইডি দপ্তরেই জেরা চলছিল অভিষেকের। এদিকে আজই আবার ডিজে মামলায় তলব করা হয়েছে তাঁকে।

এই প্রসঙ্গে বলে রাখা শ্রেয়, প্রাথমিকে নিয়োগ দুর্নীতির সঙ্গে যুক্ত থাকার অভিযোগে গ্রেপ্তার করা সেখানে বারবার জনৈক অভিষেকের নাম এসেছে। অভিষেককে চাকরি বিক্রির টাকা দেওয়া নিয়েও আলোচনা হয়েছে। সেই অভিষেকই তৃণমূলের সাধারণ সম্পাদক অভিষেক কি না, তা কোনওভাবেই স্পষ্ট নয়। এ ব্যাপারেই অভিষেককে জিজ্ঞাসাবাদ করেন ইডির আধিকারিকেরা, এমনটাই সূত্রে খবর। শুধু জনৈক অভিষেক বন্দ্যোপাধ্যায়-ই নন, এ ছাড়াও কথোপকথনে এসেছে শিক্ষক নিয়োগ দুর্নীতিতে অন্যতম অভিযুক্ত প্রাক্তন মন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়ের নামও।

# অভিষেকের পিএকে গ্রেপ্তারির পরোয়ানা



**নিজস্ব প্রতিবেদন:** অভিষেক বন্দ্যোপাধ্যায়ের আপ্তসহায়ক সুমিত রায়ের বিরুদ্ধে জারি হল গ্রেপ্তারি পরোয়ানা। সোমবার তাঁর বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেছে মেদিনীপুর মুখ্য বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেটের আদালত। একই দিনে আগাম জামিনের আর্জিতে হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন সুমিত। বিচারপতি জয় সেনগুপ্তের বেঞ্চের দৃষ্টি আকর্ষণ করেছেন সুমিতের আইনজীবী। চলতি সপ্তাহে ওই মামলার শুনানির সম্ভাবনা রয়েছে।

গত কয়েক দিন ধরেই সুমিতের খোঁজ চালাচ্ছেন তদন্তকারীরা। কিন্তু সুমিতের সন্ধান মেলেনি এখনও। এ অবস্থায় তাঁর বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারির আবেদন জানায় পুলিশ। সেই আবেদনের প্রেক্ষিতে এ বার সুমিতের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেন মেদিনীপুরের আদালতের বিচারক।

সুমিতের খোঁজ করতে গত শনিবার ভোরে কালীঘাটে অভিষেকের বাড়ির সামনে পৌঁছে যায় শালবনি থানার পুলিশ। সঙ্গে ছিল কেন্দ্রীয় বাহিনীও। দীর্ঘক্ষণ অপেক্ষা করার পরে তালা ভেঙে ভিতরে প্রবেশ করেছিল পুলিশ। শালবনি থানার একটি মামলায় অভিষেকের আপ্তসহায়ক সুমিতের খোঁজ চালাচ্ছে পুলিশ। সূত্রের খবর, কিছু আগে জমি দুর্নীতি মামলায় ধৃত মেদিনীপুরের প্রাক্তন বিধায়ক সুজয় হাজরাকে জেরা করার সময়ে সুমিতের নাম উঠে আসে। সুজয়ের পুলিশি হেপাজতের মেয়াদও ফুরিয়েছে সোমবার। মেদিনীপুরের প্রাক্তন বিধায়ককে এ দিন ফের আদালতে হাজির করানো হবে।

# নন্দীগ্রামে উদ্বোধন, রাজ্যজুড়ে জনকল্যাণ

**নিজস্ব প্রতিবেদন:** পশ্চিমবঙ্গে বিজেপি সরকার তৈরির পঞ্চম সপ্তাহে প্রথম নাগরিক পরিষেবা সংক্রান্ত শিবিরের আয়োজন করা হয়েছে। কর্মসূচির নাম- জনকল্যাণ শিবির। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানান, স্বচ্ছতার সঙ্গে প্রতিটি নাগরিক যাতে কেন্দ্রীয় এবং রাজ্য সরকারের সামাজিক প্রকল্পগুলির সুবিধা পান, সেটাই তাঁদের লক্ষ্য। সোমবার, ১৫ জুন থেকে বুধবার, ১৭ জুন পর্যন্ত এই প্রশাসনিক কর্মসূচি চলবে ব্লকে ব্লকে। সব মিলিয়ে ১১০০ জায়গায় শিবির হয়েছে। নন্দীগ্রামের রেয়াপাড়ায় জনকল্যাণ শিবিরের উদ্বোধন করেছেন মুখ্যমন্ত্রী। রাজ্যের অন্যান্য ব্লকে বিভিন্ন শিবিরে উপস্থিত থাকছেন রাজ্যের মন্ত্রী এবং বিজেপি বিধায়কেরা। জনকল্যাণ শিবিরের লক্ষ্য মূলত তিনটি। এক, সরকারের নানা প্রকল্পের সুবিধা সাধারণ মানুষকে দেওয়া। দুই, বিভিন্ন সরকারি প্রকল্প নিয়ে সাধারণ মানুষকে সচেতন করা এবং তিন, একই শিবিরে একাধিক প্রকল্পের ফর্ম পূরণ, নথিভুক্তিকরণ ও যাচাইয়ের কাজ সম্পন্ন করা। শুভেন্দুর সরকারের এই উদ্যোগে ৫৫ ধরনের সরকারি সুযোগ-সুবিধা ও নাগরিক পরিষেবা পাবেন মানুষ। কেন্দ্রীয় এবং রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের ফর্ম পাওয়া যাবে শিবিরগুলিতে। সেগুলি পূরণ করে জমা দেওয়া, প্রত্যেক ধাপে সাধারণ মানুষকে সাহায্য করবেন প্রশাসনিক আধিকারিক এবং কর্মীরা।

সোমবার জনকল্যাণ শিবিরের সূচনায় নন্দীগ্রামের রেয়াপাড়ায় গিয়েছিলেন মুখ্যমন্ত্রী। তিনি জানান, এই কর্মসূচি এবং উদ্যোগের মধ্যে রয়েছে বৃক্ষরোপণ। রাজ্যে ১ কোটি ১০ লক্ষ গাছ লাগানো হবে এ বছর। তার পরিচর্যার ব্যবস্থা হবে। ১৫ থেকে ১৭ জুন ১১০০ স্থানে এই শিবিরের আয়োজন হয়েছে। মুখ্যমন্ত্রী আরও জানান, কেন্দ্রীয় এবং রাজ্য সরকারের ৫৫টি প্রকল্পের সুযোগ-সুবিধা এই শিবিরগুলি থেকে পাবেন রাজ্যবাসী। তাঁর কথায়, 'এই শিবিরের সুযোগ সকলে নিন। আমি চাইব, একটি সঠিক তালিকা তৈরি হোক। যার ফলে রাজ্যের প্রান্তিক মানুষ যাতে কেন্দ্রীয় এবং সরকারের সমস্ত সুযোগ পান।'

# অবশেষে চুক্তি, খুলে গেল হরমুজ

**ওয়াশিংটন, ১৫ জুন:** ইরানের সঙ্গে আমেরিকার চুক্তি সম্পন্ন হয়েছে। খুলে দেওয়া হয়েছে হরমুজ প্রণালী। সেই সঙ্গে জলপথ থেকে মার্কিন অবরোধও তুলে নেওয়া হয়েছে। প্রাথমিক ভাবে এই চুক্তির কথা ঘোষণা করে পাকিস্তান। পরে আমেরিকা এবং ইরান দু'পক্ষই তা নিশ্চিত করেছে। সমাজমাধ্যমে চুক্তির কথা ঘোষণা করেছেন আমেরিকার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। যদিও আমেরিকা ও ইরানের মধ্যে কোনও চুক্তি এখনও খাতায়কলমে স্বাক্ষরিত হয়নি। আগামী শুক্রবার ১৯ জুন চুক্তি স্বাক্ষরিত হবে। তার পর আনুষ্ঠানিক ভাবে হরমুজ প্রণালী খুলবে। পুনরায় সেখান দিয়ে তেল পরিবাহিত হবে। আমেরিকা-ইরানের আনুষ্ঠানিক চুক্তি স্বাক্ষরিত হতে চলেছে সুইৎজারল্যান্ডের জেনেভায়।

আমেরিকা-ইরানের এই চুক্তিকে ইতিবাচক হিসাবেই দেখছে ভারত। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সমাজমাধ্যমে লিখেছেন, ''পশ্চিম এশিয়ায় সংঘাত থামানোর জন্য আমেরিকা ও ইরানের মধ্যে যে সমঝোতা হয়েছে, আমি তাকে স্বাগত জানাচ্ছি। সারা বিশ্বে এই সংঘাত গুরুতর অর্থনৈতিক গোলযোগ তৈরি করেছিল। বহু দেশে প্রাণহানিও হয়েছে এর ফলে। ভারত আশা করে, এই সমঝোতার বাস্তবায়ন অঞ্চলে শান্তি ও স্থিতিশীলতা নিশ্চিত করবে, নৌপরিবহণ ও বাণিজ্যের স্বাধীনতা নিশ্চিত করবে।' বাকি বিষয়গুলি নিয়েও আলোচনার মাধ্যমে স্থিতিশীল সমঝোতায় পৌঁছোনো সম্ভব হবে বলে ভারত আশাবাদী, জানিয়েছেন মোদী।

সমাজমাধ্যমে ট্রাম্প লিখেছেন, 'ইরানের সঙ্গে চুক্তি সম্পন্ন হয়েছে। সকলকে অভিনন্দন। হরমুজ প্রণালীর শুল্কমুক্ত ব্যবহারে আমি অনুমোদন দিচ্ছি। পাশাপাশি সেখান থেকে মার্কিন অবরোধ তুলে নেওয়ার নির্দেশ দিচ্ছি। এ বার সারা পৃথিবীর জাহাজ তাদের ইঞ্জিন চালু করে দিক। তেল পরিবাহিত হোক।'

ট্রাম্প আরও বলেছেন, 'এই অসাধারণ চুক্তিটি সমগ্র অঞ্চলে শান্তি এবং সুরক্ষা ফিরিয়ে আনবে। এর আগে অনেক প্রেসিডেন্ট ইরানের সঙ্গে সমঝোতা করার চেষ্টা করেছিলেন। আমার আগে সকলেই ব্যর্থ হয়েছেন। পশ্চিম এশিয়ার নেতারা এই প্রথম এক জন প্রেসিডেন্টকে পেলেন, যিনি তাঁদের শান্তিস্থাপনের লক্ষ্যে পৌঁছোতে সাহায্য করতে পারেন।'

আমেরিকা ও ইরানের মধ্যে এটি কোনও চূড়ান্ত চুক্তি নয়। প্রাথমিক ভাবে হরমুজ খোলার কথা মাথায় রেখেই এই চুক্তি হয়েছে। ইরানের পারমাণবিক কার্যকলাপ নিয়ে আলোচনা পরে হবে। আগামী দিনে ধাপে ধাপে আরও জটিল বিষয়গুলি নিয়ে তেহরানের সঙ্গে আলোচনায় বসতে পারে ওয়াশিংটন।




একদিন

আমার শহর

কলকাতা, ১৬ জুন ২০২৬, ২ আষাঢ় ১৪৩৩, মঙ্গলবার

# অন্নপূর্ণার অর্থ পেয়েছেন ৭৯ লক্ষ মহিলা: মুখ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** সোমবার নন্দীগ্রামে 'জনকল্যাণ শিবির'-এ রাজ্যে 'অন্নপূর্ণা যোজনা' প্রকল্পে ৭৯ লক্ষ মহিলার ব্যাংক অ্যাকাউন্টে সরাসরি তিন হাজার টাকা ঢুকেছে, এমনটাই দাবি করলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। এর পাশাপাশি পূর্বতন তৃণমূল সরকারের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগেও সরব হন মুখ্যমন্ত্রী। সোমবার তিনি দাবি করেন, সরকারি প্রকল্পগুলির উপভোক্তাদের তথ্য যাচাই করতে গিয়ে একাধিক অনিয়ম ও ভুয়ো অ্যাকাউন্টের খোঁজ পাওয়া গেছে।

তৃণমূল সরকারের লক্ষ্মীর ভাণ্ডার প্রকল্পের প্রসঙ্গ তুলে মুখ্যমন্ত্রী বলেন, বিভিন্ন জেলায় উপভোক্তাদের তালিকায় বিস্তর গরমিল ধরা পড়ছে। তাঁর দাবি, মুর্শিদাবাদের ডোমকলের একটি ব্লকেই প্রায় সাড়ে তিন হাজার ভুয়ো অ্যাকাউন্টের সন্ধান পাওয়া গেছে। এমনকী পুরুষদের নামে বিধবা ভাতার টাকা পাওয়ার ঘটনাও তদন্তে সামনে এসেছে বলে মুখ্যমন্ত্রী এই দিন জানান।



মুখ্যমন্ত্রীর অভিযোগ, আগের সরকারের আমলে বহু অযোগ্য ব্যক্তি সরকারি প্রকল্পের সুবিধা পেয়েছেন। তাই প্রকৃত ও যোগ্য ব্যক্তিদের চিহ্নিত করে তাঁদের হাতে সরকারি পরিষেবার সুবিধা পৌঁছে দেওয়াই বর্তমান প্রশাসনের অন্যতম লক্ষ্য। তিনি স্পষ্ট করে বলেন, সরকারি প্রকল্পের সুবিধা পাওয়ার অধিকার শুধুমাত্র ভারতীয় নাগরিকদের।

সোমবার অন্নপূর্ণা যোজনা নিয়েও তথ্য দেন মুখ্যমন্ত্রী। তাঁর দাবি, ইতিমধ্যেই ৭৯ লক্ষ মহিলার ব্যাংক অ্যাকাউন্টে এই প্রকল্পের টাকা ইতিমধ্যেই পৌঁছে গেছে। পাশাপাশি সোমবার রাজ্যে আগামী ১ জুলাই থেকে ১২৫ দিনের কর্মসংস্থান প্রকল্প চালুর কথাও ঘোষণা করেন তিনি।

উল্লেখ্য, রাজ্যজুড়ে ১৫ থেকে ১৭ জুন পর্যন্ত প্রায় ১,১০০টি জনকল্যাণ শিবিরের আয়োজন করা হয়েছে। বিভিন্ন সরকারি প্রকল্পে আবেদন, নথিভুক্তকরণ এবং উপভোক্তাদের তথ্য যাচাইয়ের কাজ এই শিবিরগুলিতে করা হচ্ছে। রাজ্য সরকারের দাবি, স্বচ্ছ ও নির্ভুল প্রকৃত প্রাপকদের তালিকা তৈরি করাই এই কর্মসূচির প্রধান উদ্দেশ্য।

## আরজি কর মামলার তদন্তের অগ্রগতি খতিয়ে দেখতে পরিদর্শনে সিবিআই

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** ২০২৬-এর বঙ্গে রাজনৈতিক পালাবদলের পর 'আরজি কর ফাইলস' খুলতেই ফের তৎপর সিবিআই। ধর্ষণ ও খুনের মামলায় ফের আরজি কর হাসপাতালে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার সিটের আধিকারিকরা। এই মামলার তদন্তে নতুন করে সিট গঠনের নির্দেশ দেয় কলকাতা হাইকোর্ট। সেই নির্দেশ মেনে ইতিমধ্যে তৈরি হয়েছে সিট। এরপরেই সোমবার ৬ সদস্যের একটি দল হাসপাতালে যান। মামলার তদন্তের অগ্রগতি খতিয়ে দেখার পাশাপাশি ঘটনাস্থল পরিদর্শন করেন তদন্তকারী সংস্থার আধিকারিকরা।

এর পাশাপাশি হাসপাতালের সুপার সপ্তর্ষি চট্টোপাধ্যায়ের সঙ্গেও বৈঠক করেন সিটের তদন্তকারী আধিকারিকরা। এই প্রসঙ্গে বলে রাখা শ্রেয়, বাংলায় ক্ষমতায় আসার পর মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ফের নতুন করে আরজি কর ফাইলস খোলেন। এরপরেই তৎকালীন পুলিশ কমিশনার বিনীত গোয়েল, তৎকালীন ডিসি সেন্ট্রাল ইন্দিরা মুখোপাধ্যায়, তৎকালীন ডিসি নর্থ অভিষেক গুপ্তাকে সাসপেন্ড করা হয়েছে। তৎকালীন মুখ্যমন্ত্রী কিংবা কোনও মন্ত্রী তাঁদের মেসেজে কিংবা ফোনে কোনও নির্দেশিকা জারি করেছিল কিনা, তা খতিয়ে দেখবেন তদন্তকারীরা। প্রয়োজনে সেই মতো ব্যবস্থা নেওয়া হবে। গত ২০২৪ সালের ৮ অগস্ট, আরজি কর মেডিক্যাল কলেজের তরুণী চিকিৎসক নাইট শিফট করতে যান। ওই রাতেই সেমিনার হলে তাঁকে ধর্ষণ ও খুন করা হয়। এই ঘটনার তদন্তে নেমে সঞ্জয় রায় নামে এক সিভিক ভলান্টিয়ারকে গ্রেপ্তার করে কলকাতা পুলিশ। পরবর্তীকালে কলকাতা হাইকোর্টের নির্দেশে ঘটনার তদন্তভার নেয় সিবিআই। তবে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা এই ঘটনায় জড়িত সন্দেহে নতুন করে আর কাউকে গ্রেপ্তার করেনি। শেষমেশ শিয়ালদহ আদালত ধৃত সঞ্জয় রায়কে দোষী সাব্যস্ত করে। তাকে যাবজ্জীবন কারাদণ্ডের সাজা দেয়। তবে এই তদন্তে সন্তুষ্ট নন অভয়ার বাবা-মায়েরা। তাঁদের দাবি, এই ঘটনায় আরও অনেকেই জড়িত রয়েছে। যারা এখনও তদন্তের আড়ালে রয়ে গিয়েছে।

এরমধ্যেই সিবিআইয়ের পূর্বাঞ্চলীয় যুগ্ম অধিকর্তার নেতৃত্বে তিন সদস্যের সিট গঠনের নির্দেশ দেয় কলকাতা হাইকোর্ট। ঘটনার রাত থেকে শেষকৃত্য পর্যন্ত কী হয়েছিল, সেই ঘটনাক্রম নির্দিষ্ট করে খতিয়ে দেখবে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। শুধু তাই নয়, তদন্তের জন্য মামলার প্রয়োজনীয় সবদিক সিবিআই খতিয়ে দেখতে পারবে বলেও জানানো হয়। এরপরেই এদিন আরজি কর হাসপাতালে পৌঁছে যান সিটের আধিকারিকরা। নতুন করে মামলার তদন্ত কোনদিকে মোড় নেয় সেদিকেই নজর সবার।

## শাহজাহান শেখ-সহ ৪ জনের বিরুদ্ধে চার্জ গঠন প্রক্রিয়া সম্পন্ন ইডির

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** কলকাতায় ইডির বিশেষ আদালতে শাহজাহান শেখ-সহ ৪ জনের বিরুদ্ধে চার্জ গঠন প্রক্রিয়া সম্পন্ন হল। সন্দেশখালিতে জমি দখলের মামলায় এই চার্জ গঠন করল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট। জানা গিয়েছে, শাহজাহান ছাড়াও আরও ৩ জনের নাম ইডির চার্জশিটে রয়েছে। তাঁরা হলেন, আলমগির, শিবপ্রসাদ হাজরা ও দিদার বক্স মোল্লার। ইডির এই মামলায় ৭ জুলাই সাক্ষ্য গ্রহণ শুরু হবে। জানা গিয়েছে, এই মামলায় ৩০ জন সাক্ষী রয়েছেন। ইডির অভিযোগ, সন্দেশখালিতে ভয় দেখিয়ে জমি জবরদখল করা হত। এরপর সেই সব জমি থেকে টাকা উপার্জন চলত। এভাবে উপার্জন করা মোট ৫ কোটি টাকা শনাক্ত করেছেন তদন্তকারীরা।

উল্লেখ্য, রেশন দুর্নীতি মামলায় ২০২৪ সালের জানুয়ারি মাসে সন্দেশখালিতে শাহজাহান শেখের বাড়িতে অভিযান চালাতে গিয়েছিল ইডি। কিন্তু শাহজাহানের বাড়ি পর্যন্ত পৌঁছনোর আগেই তদন্তকারী আধিকারিক ও কেন্দ্রীয় বাহিনীর জওয়ানদের উপর হামলা হয়। এরপর থেকে বেপাত্তা হয়ে যান শাহজাহান। পরে তাঁকে গ্রেপ্তার করে পুলিশ। পরে তাঁকে তুলে দেওয়া হয় সিবিআইয়ের হাতে। তাঁর বিরুদ্ধে সন্দেশখালিতে গ্রামবাসীদের উপর অত্যাচার-সহ, নারী নির্যাতন, জমিদখল, দুর্নীতির একাধিক অভিযোগ রয়েছে। সিবিআইয়ের হেপাজতে থাকাকালীনই দুর্নীতির অভিযোগে শাহজাহানকে হেপাজতে নেয় ইডি।

## তৃণমূল কাউন্সিলর অনন্যার অফিস থেকে মিলল রেটচার্ট-সহ নানা সামগ্রী

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** মুকুন্দপুরে অনন্যা বন্দ্যোপাধ্যায়ের অফিস থেকে মিলল রেটচার্ট। সেই রেটচার্ট লেখা এক-এক ক্লায়েন্টের নাম। কোন প্রোমোটারের থেকে কত টাকা নিতেন, কোন চাকরিপ্রার্থীর কাছ থেকে কত টাকা নিয়েছেন, সব নাম-ঠিকানা দিয়ে সাব-সেকশন করে পরপর লেখা সেই ডায়েরিতে। কেবল তাই নয়, সঙ্গে অনন্যার বিরুদ্ধে এ অভিযোগও রয়েছে যে বেসরকারি হাসপাতাল থেকেও টাকা তুলতেন অনন্যা। পাশাপাশি ওয়ার্ড অফিসের দোতলায় উঠতেই নজরে আসে ঝাঁ চকচকে মেক আপ রুম। উদ্ধার গাদা গাদা কন্ডোমের প্যাকেট, গর্ভ নিরোধক, রয়েছে পাঞ্জাবিও।

স্থানীয় এক বাসিন্দা এই রেট চার্ট দেখিয়ে বলেন, 'এই এলাকার প্রতিটি বিল্ডিং পিছু টাকা তোলা হয়েছে। ৫০ হাজার থেকে ১ লক্ষ টাকা তোলা হয়েছে। লাইভে থাকতে থাকতেই দেখা যায়, এক যুবক হলুদ রঙা একটা খাতা বের করেন। খাতার প্রথম পাতা উল্টে তিনি দেখাতে থাকেন, এটা চাকরি বিক্রির টাকার খাতা। কার কাছ থেকে চাকরির নামে কত টাকা তোলা হয়েছে, তা নথিভুক্ত রয়েছে এই খাতায়। ১০৯ নম্বর ওয়ার্ডের তৃণমূলের ক্যাডারদের চাকরি দেওয়া হত বলে দাবি স্থানীয় বাসিন্দাদের। আর এই ডায়েরিতেই সরকারি দপ্তর, স্বাস্থ্য দপ্তর- এভাবে দপ্তর ভাগ করে পাশে চাকরিপ্রার্থীদের নাম লেখা রয়েছে।

## তৃণমূল আমলে রাজ্যের ২৯টি পিছিয়ে পড়া ব্লক বঞ্চিত, অভিযোগ শমীকের

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** তৃণমূলের সরকারের সময়ে নীতি আয়োগ পরিচালিত অ্যাসপিরেশনাল ব্লকস প্রোগ্রামে অংশ নেয়নি পশ্চিমবঙ্গ, সোমবার নিজের সোশ্যাল মিডিয়া পোস্টে অভিযোগ করেন বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য। কেন্দ্রের এই কর্মসূচিতে রাজ্যের ১০টি জেলার ২৯টি পিছিয়ে পড়া ব্লককে চিহ্নিত করা হয়েছিল, যেখানে শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি, কৃষি ও পরিকাঠামো উন্নয়নে বিশেষ উদ্যোগ নেওয়ার সুযোগ ছিল। রাজ্যের দক্ষিণ ২৪ পরগনার মগরাহাট থেকে মালদহ, মুর্শিদাবাদ, ঝাড়গ্রাম ও পুরুলিয়ার মতো এলাকার বাসিন্দারা এখন প্রশ্ন তুলছেন, কেন তাঁরা অতিরিক্ত উন্নয়নের এই সুযোগ থেকে বঞ্চিত হলেন। যদিও শমীকের দাবি, কেন্দ্রের নীতি আয়োগ একাধিকবার রাজ্য সরকারের সঙ্গে যোগাযোগের চেষ্টা করলেও সেই প্রকল্পে অংশ না নেওয়ার কোনও যথাযথ কারণ তৃণমূলের সরকার জানাতে পারেনি।

বিজেপি রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্যের বক্তব্য, রাজনৈতিক অবস্থান যদি মানুষের উন্নয়নের পথে বাধা হয়, তবে তার সবচেয়ে বড় মূল্য দিতে হয় সাধারণ মানুষকেই। বছর পর বছর চলা এই অব্যবস্থা এই নতুন রাজ্য সরকারের সময় পরিবর্তন হবে। মানুষের ভরসার যথাযথ মর্যাদা দিয়ে উন্নয়নকেই রাজ্যের নতুন সরকার অগ্রাধিকার দেবে বলেই শমীক জানান।

## তৃণমূলের পার্টি অফিসে সিআইডি তল্লাশি, মামলা ছাড়লেন হাইকোর্টের বিচারপতি

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** কালীঘাটে মমতা বন্দ্যোপাধ্যায়ের বাড়ি সংলগ্ন তৃণমূলের পার্টি অফিসে সিআইডি তল্লাশিকে চ্যালেঞ্জ করা মামলা ছাড়লেন হাইকোর্টের বিচারপতি সৌগত ভট্টাচার্য। সূত্রে খবর, অভিষেকের রক্ষাকবচ মামলার জন্য তৃণমূল কংগ্রেসের মামলা ছেড়ে দিলেন বিচারপতি। মামলাটি পাঠানো হল প্রধান বিচারপতির কাছে। এখন নির্দিষ্ট বেঞ্চে মামলা পাঠাবেন প্রধান বিচারপতি।

জানা গিয়েছে, 'তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক হেয়ার স্ট্রিট থানার মামলার প্রেক্ষিতে তল্লাশি প্রক্রিয়া ও সিআইডি পদক্ষেপ নিয়ে একটি ফৌজদারি মামলা করেন। গত ৯ জুন সিআইডি তল্লাশি অভিযান চলে কালীঘাটের তৃণমূল কংগ্রেস অফিসে। সেদিন সমন পাঠানো সত্ত্বেও অভিষেক বন্দ্যোপাধ্যায় ভবানী ভবনের সিআইডি দপ্তরে হাজিরা না দেওয়ায় কালীঘাটে তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের বাড়ি সংলগ্ন তৃণমূল কার্যালয়ে এসে পৌঁছয় সিআইডির ৩০ জনের একটি দল। এই তল্লাশি প্রক্রিয়া ও সিআইডি পদক্ষেপ, দুই ঘটনা একই বিষয়ের এবং এটি হয় হেয়ার স্ট্রিট থানায় বিধানসভার সই জালিয়াতি কাণ্ডে বিধানসভা সচিবের দায়ের করা অভিযোগের ভিত্তিতে। যার প্রেক্ষিতে একটি ফৌজদারি মামলার শুনানি হয় কলকাতা হাইকোর্টের বিচারপতি কৌশিক চন্দ বেঞ্চে। ওই আদালতের নজরে রয়েছে পুরো বিষয়টি। সম্ভবত, সেই কারণেই তৃণমূলের করা এই মামলার ছেড়ে দিচ্ছে আদালত। আদালত সূত্রে খবর, প্রধান বিচারপতি কাছে মামলাটি পাঠানো হচ্ছে।

প্রসঙ্গত, বিধানসভার বিধায়কদের সই জাল-কাণ্ডের তদন্তে গত ৯ জুন ভবানীপুরে তৃণমূলের কার্যালয়ে পৌঁছয় সিআইডি-র একটি ৩০ জনের দল। মমতা বন্দ্যোপাধ্যায়ের বাড়ির একদম বিপরীতেই এই পার্টি অফিস। প্রথমবার এই অফিসে হানা দেয় সিআইডি। ৩০বি হরিশ চ্যাটার্জি স্ট্রিট, এই ঠিকানা থেকেই চিঠি লেখা হয় বিধানসভার স্পিকারকে। লেটার হেডেও এই ঠিকানাই ছিল বলে জানা যায়। তাই সেখানে গোয়েন্দারা অভিযান চালান বলে মনে করা হয়।

## বাংলাকে বিশ্ব পর্যটন মানচিত্রে উজ্জ্বল নক্ষত্র করতে চান পর্যটনমন্ত্রী শঙ্কর ঘোষ

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** রাজ্যের পর্যটন শিল্পকে নতুন করে বিশ্বের দরবারে তুলে ধরার পরিকল্পনার কথা জানালেন পর্যটনমন্ত্রী শঙ্কর ঘোষ। দায়িত্ব গ্রহণের কয়েক দিনের মধ্যেই তিনি স্পষ্ট করেই বলেন, পশ্চিমবঙ্গের পর্যটন শিল্পের নীতি ও মূল লক্ষ্য হবে সমাজের সব স্তরের মানুষকে এই পর্যটনের সঙ্গে যুক্ত করা। শুধু তাই নয়, বাংলাকে আন্তর্জাতিক পর্যটন মানচিত্রে আরও শক্তিশালী জায়গাতে তুলে ধরা। সোমবার এক অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে শঙ্কর ঘোষ বলেন, আমাদের লক্ষ্য 'ট্যুরিজম ফর অল ক্লাসেস'। অর্থাৎ উচ্চবিত্ত থেকে নিম্নবিত্ত, সমাজের সব আর্থিক শ্রেণির মানুষ যাতে পর্যটনের সুযোগ পান, সেই ব্যবস্থা গড়ে তোলা হবে। তাঁর দাবি, পর্যটন শুধু বিনোদনের বিষয় নয়, এটি কর্মসংস্থান, অর্থনীতি ও স্থানীয় সংস্কৃতির উন্নয়ন ও বিকাশের অন্যতম মাধ্যম।



মন্ত্রী আরও জানান, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পর্যটন ভাবনার মাধ্যমে পশ্চিমবঙ্গকে বিশ্বের পর্যটন মানচিত্রে একটি গুরুত্বপূর্ণ গন্তব্য হিসেবে তুলে ধরতে চায় রাজ্য সরকার। বাংলার ঐতিহ্য, সংস্কৃতি, প্রাকৃতিক বৈচিত্র্য এবং ঐতিহাসিক সম্পদকে কাজে লাগিয়ে পর্যটন শিল্পকে আরও মানুষের কাছে পৌঁছে দেওয়ার উপর জোর দেওয়া হবে বলেই মন্ত্রী জানান। গত ১২ জুন পর্যটন দপ্তরের দায়িত্বভার গ্রহণের পর শঙ্কর ঘোষ বলেছিলেন, বাংলার পর্যটনের অসীম সম্ভাবনাকে কাজে লাগিয়ে উন্নয়নের নতুন দিগন্ত খুলে দেওয়াই তাঁর অগ্রাধিকার। মানুষের আশা-আকাঙ্ক্ষাকে সঙ্গে নিয়েই এই উন্নয়নের যাত্রা এগিয়ে নিয়ে যাওয়া হবে বলে তিনি উল্লেখ করেন। ছাব্বিশের নির্বাচনে রেকর্ড ভোটে শিলিগুড়ি কেন্দ্রে গৌতম দেবকে হারিয়ে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর মন্ত্রিসভার মন্ত্রী হন তিনি এবং পর্যটন দপ্তরের দায়িত্ব পান। দায়িত্ব গ্রহণের পর থেকেই রাজ্যের পর্যটন পরিকাঠামো, পর্যটন কেন্দ্রগুলির উন্নয়ন এবং নতুন পর্যটন সার্কিট তৈরির বিষয়ে সক্রিয় ভূমিকা নেওয়ার ইঙ্গিত দেন মন্ত্রী।

পর্যটন দপ্তরের এই নতুন রূপরেখা বাস্তবায়িত হলে রাজ্যের পর্যটন শিল্পে নতুন বিনিয়োগ বৃদ্ধি, একে কেন্দ্র করে নতুন কর্মসংস্থান তৈরি এবং দেশ-বিদেশের পর্যটকদের কাছে আকর্ষণ স্থল হিসাবে এই রাজ্য পর্যটন হাব হয়ে ওঠার মতো গুরুত্বপূর্ণ মোড় নিতে পারে বলে মনে করছে প্রশাসনিক মহল।

## এবার কুণাল ঘোষকে লক্ষ্য করে ছোড়া হল পচা ডিম

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** কলকাতার কালীঘাটে এবার প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের বাড়ির সামনে তৃণমূল বিধায়ক কুণাল ঘোষকে লক্ষ্য করে ডিম ছোড়া হয়। তৃণমূল সুপ্রিমোর বাড়ি থেকে বেরিয়ে সংবাদমাধ্যমের সঙ্গে কথা বলার সময় আচমকাই এক যুবক তাঁর দিকে ডিম নিক্ষেপ করে বলে অভিযোগ।

সূত্রের খবর সোমবার সন্ধ্যায় মমতা বন্দ্যোপাধ্যায়ের কালীঘাটের বাসভবনে গিয়েছিলেন বেলেঘাটার বিধায়ক কুণাল ঘোষ। সেখান থেকে বেরিয়ে সাংবাদিকদের মুখোমুখি হওয়ার সময় এক যুবক তাঁর মাথা লক্ষ্য করে ডিম ছোড়ে। কুণাল ঘোষ নিজেকে সরানোর চেষ্টা করলেও ডিমটি তাঁর মাথায় লাগে বলে ভিডিওতে দেখতে পাওয়া যায়। এই ঘটনার পর অভিযুক্ত যুবক দ্রুত এলাকা ছেড়ে চলে যায়।


প্রত্যক্ষদর্শীদের দাবি, অভিযুক্ত যুবক নিজের নাম চন্দন বলে পরিচয় দেয়। ঘটনাস্থলেই সে দাবি করে, অনেক অন্যায় করেছে, এটা ওনার প্রাপ্য ছিল। তবে অভিযোগের পক্ষে কোনও নির্দিষ্ট তথ্য বা প্রমাণ সে প্রকাশ্যে দেয়নি।

এই ঘটনার পর কুণাল ঘোষ বলেন, মমতাদির বাড়ি থেকে বেরিয়ে সংবাদমাধ্যমের সঙ্গে কথা বলছিলাম। আমার একেবারে হাতের নাগালে দাঁড়িয়ে ছিল দু'জন যুবক। আমি নিরস্ত্র অবস্থায় ছিলাম। একজন ডিম ছুড়ে পালিয়ে গেল। কেউ বাধা দিল না, ধরার চেষ্টাও করল না। অত্যাচারের অভিযোগ প্রসঙ্গে তিনি বলেন, আমি করেছি, না মমতাদি করেছেন? যদি তার সঙ্গে কিছু হয়ে থাকে, সেটা প্রশাসন বা পুলিশের দেখার বিষয়।

সবচেয়ে তাৎপর্যপূর্ণভাবে, এই ঘটনাকে কেন্দ্র করে নিজের নিরাপত্তা ব্যবস্থা নিয়েও প্রশ্ন তোলেন তৃণমূল বিধায়ক। তাঁর বক্তব্য, জেড ক্যাটাগরির নিরাপত্তা প্রাপ্ত একজন প্রাক্তন মুখ্যমন্ত্রীর বাসভবনের অদূরে কীভাবে এমন ঘটনা ঘটল, তা খতিয়ে দেখা প্রয়োজন। তিনি বলেন, প্রাক্তন মুখ্যমন্ত্রীর বাড়ির কয়েক মিটারের মধ্যে এই ঘটনা ঘটেছে। তাহলে নিরাপত্তা কোথায়? উল্লেখ্য, গত কয়েক মাসে রাজ্যের বিভিন্ন প্রান্তে একাধিক রাজনৈতিক নেতার উপর ডিম ছোড়ার ঘটনা সামনে এসেছে।

## সুজিতের অন্তর্বর্তী জামিনে 'না' আদালতের

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** অন্তর্বর্তী জামিন মিলল না প্রাক্তন দমকলমন্ত্রী সুজিত বসুর। তার ফলে সোমবারও অস্বস্তিতে তিনি। এদিকে আদালত সূত্রে খবর, এই মামলায় পালটা যুক্তি দিতে চায় ইডি। এরপরই আর্জি মেনে আগামী ২৯ জুনের মধ্যে ইডিকে পালটা যুক্তি দিতে সময় দিল কলকাতা হাইকোর্টের বিচারপতি জয় সেনগুপ্ত। আগামী ১ জুলাই দুপুর দুটোয় মামলার পরবর্তী শুনানির সম্ভাবনা। প্রসঙ্গত, ইডির তদন্তকারীদের দাবি, দমদম পুরসভায় শতাধিকের বেশি চাকরিপ্রার্থীর নাম বেআইনিভাবে সুপারিশ করেছিলেন প্রাক্তন মন্ত্রী। শুধু তাই নয়, এক্ষেত্রে মোটা অঙ্কের টাকাও লেনদেন হয়েছে। এই বিষয়ে যদিও আরও নিশ্চিত হতে সুজিত বসুর অ্যাকাউন্ট খতিয়ে দেখছেন তদন্তকারী আধিকারিকরা।



এদিকে সোমবার কলকাতা হাই কোর্টের বিচারপতি জয় সেনগুপ্তর এজলাসে সুজিত বসু জামিনের মামলা ওঠে। ইডির তরফে জামিনের বিরোধিতা করা হয়। সুজিত বসুর হয়ে এদিন হাইকোর্টে সওয়াল করেন অভিষেক মনু সিংভি। তিনি ইডির দাবির তীব্র বিরোধিতা করেন। তাঁর সওয়াল, 'গত ২০২৩ সালের ইডি মামলা। প্রায় সাড়ে তিন বছর তদন্তে ডাকেনি ইডি। জনপ্রতিনিধির দায়িত্ব সামলেছেন মক্কেল। দক্ষিণ দমদম পুরসভার ভাইস চেয়ারম্যান দায়িত্ব সামলেছেন। ২০২৬ সালের মে মাসে দু'বার তাঁকে তলব করা হয়। দ্বিতীয় হাজিরার দিন গত ১১ মে গ্রেপ্তার করা হয় সুজিতকে। গ্রেপ্তারির বিশ্বাসযোগ্যতা নিয়ে যথেষ্ট প্রশ্ন রয়েছে।' ইডির আইনজীবী ধীরজ ত্রিবেদী পালটা মামলা সংক্রান্ত জবাবদিহি দেওয়ার সময় চান। এরপরই আগামী ২৯ জুনের মধ্যে ইডিকে জবাবদিহির সময় দেয় হাইকোর্ট।

উল্লেখ্য, পুর নিয়োগ দুর্নীতি মামলায় দীর্ঘদিন ধরেই ইডির স্ক্যানারে ছিলেন সুজিত বসু। অর্থের বিনিময়ে নিয়োগের অভিযোগ ছিল তাঁর বিরুদ্ধে। সেই মামলার তদন্তের স্বার্থে গত ৬ এপ্রিল, ভোটের মনোনয়নপত্র জমা দেওয়ার দিন থেকে শুরু করে বিধানসভা ভোটপর্বের মধ্যে একাধিকবার ইডির তরফে হাজিরার নোটিস পান রাজ্যের প্রাক্তন মন্ত্রী সুজিত বসু। তখন নির্বাচনী প্রচারের কাজে ব্যস্ত রয়েছেন বলে সময় চেয়ে হাইকোর্টের দারস্থ হযন তিনি। আদালতের নির্দেশ মেনে নির্বাচন চলাকালীন ইডির হাজিরা এড়িয়ে ছিলেন তৃণমূল নেতা। তবে ভোট মিটতেই পুরনিয়োগ দুর্নীতি মামলায় হাজিরা দেন তিনি। কয়েক দফায় জেরাও করা হয় সুজিত বসুকে। তল্লাশি চলে তাঁর বাড়ি এবং অফিসেও। এরপর গত ১১ মে প্রাক্তন মন্ত্রীকে দীর্ঘ জেরা শেষে গ্রেপ্তার করে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট। বর্তমানে জেল হেপাজতে সুজিত বসু।

## আদালতের নির্দেশ অমান্য, পুলিশি তলব এড়ালেন অরূপ

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** প্রাক্তন ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাসকে তদন্তে সহযোগিতার নির্দেশ দিয়েছিল আদালত। কিন্তু আদালতের সে নির্দেশ অমান্য করে পুলিশের তলব এড়ালেন প্রাক্তন ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাস। মেসি কাণ্ডে তাঁকে তৃতীয় নোটিস দিয়ে ৪৮ ঘণ্টার মধ্যে থানায় হাজিরা দিতে বলেছিল পুলিশ। সোমবার বেলা ১২টায় সেই ডেডলাইন শেষ হয়েছে। কিন্তু বিকেল পেরিয়ে গেলেও তিনি হাজিরা দেননি। হাজিরা না দিয়ে আদালতের নির্দেশ অমান্য করেন অরূপ। এই নিয়ে মেসি কাণ্ডে পর পর তিনবার হাজিরা এড়ালেন প্রাক্তন ক্রীড়ামন্ত্রী।

মেসি কাণ্ডে কলকাতা হাইকোর্টে শর্তসাপেক্ষে রক্ষাকবচ পেয়েছেন অরূপ। তবে তাঁকে তদন্তে সহযোগিতা করতে হবে বলে জানায় আদালত। গোটা ঘটনার জন্য প্রাক্তন মন্ত্রীকে তীব্র ভর্ৎসনাও শুনতে হয়েছে। এরপর মেসি কাণ্ডে শনিবার বেলা ১২ টায় অরূপকে তৃতীয় নোটিস দেয় বিধাননগর দক্ষিণ থানা। সেই নোটিস অনুযায়ী, ৪৮ ঘণ্টার মধ্যে তাঁকে হাজিরা দিতে হবে। কিন্তু সোমবার বেলা ১২টায় সেই সময়সীমা শেষ হয়েছে। এই সময়ের মধ্যে হাজিরা দেননি অরূপ। তিনি কোথায় আছেন তা-ও জানা যাচ্ছে না। এবিষয়ে মেসির 'গোট' ইভেন্টের অন্যতম উদ্যোক্তা শতদ্রু দত্ত বলেন, 'হাইকোর্ট বলার পরেও হাজিরা দিচ্ছেন না অরূপ বিশ্বাস। কেন তিনি হাজিরা দিচ্ছেন না সেটাই প্রশ্ন। রক্ষাকবচের বিরোধিতা করে ডিভিশন বেঞ্চে আর্জি জানিয়েছি। উনি ভাবছেন হয়তো এভাবে বেঁচে যাবেন।

## উত্তরবঙ্গে বৃষ্টি, গরম ও অস্বস্তিতে ভুগছে দক্ষিণবঙ্গবাসী

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** উত্তরবঙ্গ ভাসছে প্রবল বৃষ্টিতে। এখানেই শেষ নয়, আলিপুর আবহাওয়া দপ্তরের পূর্বাভাস আগামী চারদিন ভারী থেকে অতি ভারী বৃষ্টি হবে উত্তরবঙ্গে। উল্টোদিকে হা-পিত্যেশ করে বসে দক্ষিণবঙ্গবাসী। কবে থেকে বৃষ্টি শুরু হবে, এটাই এখন সবথেকে বড় প্রশ্ন তাঁদের কাছে।

এদিকে আলিপুর আবহাওয়া দপ্তর জানাচ্ছে, উত্তরবঙ্গে বর্ষা আগেই প্রবেশ করেছে। যার জেরে সেখানে তুমুল বৃষ্টি হচ্ছে। আগামী চারদিনও ভারী বৃষ্টি হবে। অতি ভারী বৃষ্টি হতে পারে জলপাইগুড়ি, আলিপুরদুয়ার, কোচবিহারে। ভারী বৃষ্টির সতর্কতা রয়েছে পাহাড়েও। এদিকে, দক্ষিণবঙ্গে বর্ষা এলেও এখন ভারী বৃষ্টির আশা নেই। বিক্ষিপ্ত বৃষ্টিতে ভ্যাপসা গরম কমবে না দক্ষিণবঙ্গে।

এদিকে সপ্তাহের প্রথম দিনেই সকাল থেকেই গরম এবং অস্বস্তিতে ভুগেছে তিলোত্তমাবাসী। আকাশ ছিল আংশিক মেঘলা। বাতাসে জলীয় বাষ্প বেশি থাকায় অস্বস্তি বেড়েছে প্রচুর। তবে এরই মাঝে আলিপুর আবহাওয়া দপ্তর এও জানাচ্ছে, আগামী কয়েকদিন বজ্রবিদ্যুৎ সহ বিক্ষিপ্তভাবে হালকা ঝড়বৃষ্টির সম্ভাবনা। প্রতিদিন ঝড়-বৃষ্টি হবে এমন নয়, তবে বিক্ষিপ্তভাবে সামান্য ঝড় বৃষ্টির সম্ভাবনা থাকবে স্থানীয়ভাবে বজ্রগর্ভ মেঘ থেকে। পাশাপাশি আলিপুর আবহাওয়া দপ্তর এও জানাচ্ছে, সোমবার কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা ২৮.৯ ডিগ্রি সেলসিয়াস। রবিবার সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫.০ ডিগ্রি। বাতাসে আপেক্ষিক আর্দ্রতার পরিমাণ ৬৩ থেকে ৯১ শতাংশ।

উত্তরবঙ্গে অতি ভারী বৃষ্টির কমলা সতর্কতা জারি করা হয়েছে। ভারী বৃষ্টি হবে উপরের পাঁচ জেলায়। বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ ঝড়-বৃষ্টি চলবে সব জেলাতেই। শুক্রবার পর্যন্ত অতি ভারী বৃষ্টির কমলা সতর্কতা জারি রয়েছে। কোচবিহার, আলিপুরদুয়ার এবং জলপাইগুড়ির কিছু অংশে ২০০ মিলিমিটার পর্যন্ত বৃষ্টিপাতের আশঙ্কা। দার্জিলিং, কালিম্পং, আলিপুরদুয়ার, কোচবিহার এবং জলপাইগুড়ি এই পাঁচ জেলাতেই ভারী বৃষ্টির সম্ভাবনা। সপ্তাহ জুড়ে বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টি চলবে উপরের এই পাঁচ জেলাতে।



দার্জিলিং থেকে মালদহ পর্যন্ত চলতি সপ্তাহে বজ্রবিদ্যুৎসহ ঝড় বৃষ্টির সম্ভাবনা রয়েছে। বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টির সঙ্গে ৪০ থেকে ৫০ কিলোমিটার পর্যন্ত ঝোড়ো হাওয়া বইবে। এরপর মঙ্গলবার থেকে অতি ভারী বৃষ্টির কমলা সতর্কতা রয়েছে। শুক্রবার পর্যন্ত ভারী এবং অতি ভারী বৃষ্টির কারণে ধসও নামতে পারে কিছু এলাকায়। নদীর জলস্তর বাড়তে পারে। জলমগ্ন হতে পারে নিচু এলাকা।

উত্তরবঙ্গ বৃষ্টিতে ভাসলেও, চলতি সপ্তাহে ভারী বৃষ্টির কোনও সম্ভাবনা নেই দক্ষিণে। দক্ষিণবঙ্গের বাতাসে জলীয় বাষ্প বেশি রয়েছে বলেই জানাচ্ছে আলিপুর আবহাওয়া দপ্তর। তাপমাত্রা স্বাভাবিকের কাছাকাছি থাকলেও, গরম এবং অস্বস্তি থাকবে। একইসঙ্গে বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎসহ ঝড়-বৃষ্টির সম্ভাবনা। ঝড়-বৃষ্টির সম্ভাবনা বেশি রয়েছে বীরভূম, মুর্শিদাবাদ, নদিয়া, পূর্ব ও পশ্চিম বর্ধমান জেলাতে। বজ্র-বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টি, সঙ্গে ঘণ্টায় ৩০ থেকে ৫০ কিলোমিটার পর্যন্ত ঝোড়ো হাওয়া বইবে।

EKDIN 16.06.2026 PAGE 4_Layout 1 6/15/2026 10:19 PM Page 1



সম্পাদকীয়

# রইল বাকি আট!

তৃণমূলের ভাঁড়ারে পড়ে রইল আর মাত্র আটজন। রবিবারই আনুষ্ঠানিক ভাবে লোকসভায় তৃণমূলের বিদ্রোহী গোষ্ঠী ন্যাশনালিস্ট সিটিজেন্স পার্টি অফ ইন্ডিয়া বা এনসিপিআইতে মিশে গিয়েছে। সেই গোষ্ঠীতে রয়েছেন ২০ জন সাংসদ। ফলে দলত্যাগ বিরোধী আইন এক্ষেত্রে তাদের খাটছে না। তাদের সাংসদ পদও বহাল থাকছে। তারা এই লোকসভায় আপাতত এনডিএ সরকারের সহযোগী হিসেবে চলবেন বলেই জানিয়েছেন কাকলি ঘোষ দস্তিদার, সুদীপ বন্দ্যোপাধ্যায়রা। ফলে লোকসভায় জেডিইউ বা টিডিপির ওপর বিজেপির নির্ভরতা কমলো। মোদি সরকার চলতি লোকসভার বাকি মেয়াদ আরও নিশ্চিন্তে সরকার চালাতে পারবে। এবার তাকানো যাক উল্টোদিকে। সেখানে শুধুই হতাশা আর আতঙ্ক। তৃণমূলনেত্রীর তৈরি ইমারত তাঁরই চোখের সামনে রোজই একটু একটু ভেঙে পড়ছে। পরিস্থিতি এতটাই ঘোরালো, এখন আর কোনও টোটকাতেই কাজ হচ্ছে না। লোকসভার ২০ জন চলে যাওয়ার ফলে তাদোর ঘরে পড়ে রইল আর মাত্র আটজন। যা বাজারের হালচাল, এই আটজনকে রাখাটাই এখন তৃণমূলনেত্রীর সামনে অন্যতম বড় চ্যালেঞ্জ। এখন এই চ্যালেঞ্জের মোকাবিলা তিনি কী ভাবে করেন, সেদিকেই তাকিয়ে সবাই। কারণ, বিদ্রোহীদের নেতা কাকলি ঘোষ দস্তিদার বলেই দিয়েছেন, সংখ্যাটা আসলে কিন্তু ২০ নয়, ২২। অতএব বোঝাই যাচ্ছে ক্ষ্মপিকচার আভি বাকি হ্যায়ক্ষ্ম। ওদিকে রাজ্যসভার অবস্থাও করুণ। ছিলেন ১৩ জন। গত দেড় মাসে চারজন ইস্তফা দেওয়ায় সংখ্যাটা এখন ৯ জনে ঠেকেছে। সংখ্যা কমে যাওয়ায় এখন ভাঙার আতঙ্ক আরও বেড়েছে। বিধানসভার কথা আর নাই বললাম। শুধু অবস্থাটা একবার ভাবুন। আজ থেকে দেড় মাস আগেও একটা দলের সরকার ছিল। ৪১টা সাংসদ ছিল। আর আজ? এখন প্রশ্ন হল, এই দলের ভবিষ্যত বলে আর কিছু রইল কী? এক কথায় এর উত্তর দেওয়া এখনই বোধহয় সম্ভব নয়। কিন্তু এটাও সত্যি, ব্যক্তি মমতা বন্দ্যোপাধ্যায়ের একার ক্যারিশ্মায় গড়ে ওঠা তৃণমূল কংগ্রেসের ভবিষ্যতটা বোধহয় লেখা হয়ে গেল। কংগ্রেসে মিশে যাওয়ার একটা ক্ষীণ সম্ভাবনাকে জীইয়ে রেখে এখনও তাল ঠুকছেন নেত্রী। কিন্তু বাস্তবটা আরও একটু কঠিন।

## শব্দছক ১৯০

রবি দাস

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | | ■ | ২ | ৩ | | ■ | ৪ |
| | ■ | ৫ | | | ■ | ৬ | |
| ৭ | ৮ | ■ | ৯ | | ১০ | | |
| ১১ | | ১২ | | ■ | | ■ | ■ |
| ■ | ■ | | ■ | ১৩ | | ১৪ | ১৫ |
| ১৬ | ১৭ | | | | ■ | ১৮ | |
| ১৯ | | ■ | ■ | ২০ | | ■ | |
| | ■ | ২১ | | | ■ | ২২ | |


**পাশাপাশি:** ১. ঘুম ২. বাসস্থান ৫. সত্যি বলার স্বত্ত্ব ৬. জমি কর্ষক ৭. কাকলি ৯. ব্যবহার সম্বন্ধিত নির্দেশিকা ১১. লবণের স্বাদযুক্ত ১৩. ব্যবসায় ১৬. কাব্যে থামো বা অপেক্ষা করো ১৯. মাতলামিতে দক্ষ ২০. কাজ ২১. বজ্র ২২. রঙ, জাতি বা অক্ষর

**ওপর-নিচ:** ১. রাত্রিকাল ২. সত্যি বলা হয়েছে ৪. হিন্দীতে বই ৪. ভারীর বিপরীত ৬. শ্রীবিষ্ণু ৮. মহাদেব ১০. ইংরাজীতে যাকে বলা হয় সার্ক ১২. সাপ্তাহিক দিনগুলির পরিচয় ১৫. রসোজ্ঞানে যা উত্তীর্ণ হয়েছে ১৬. পদ্মফুল ১৭. ধন-সম্পদ

**সমাধান ১৮৯ — পাশাপাশি:** ১. দীপান্বিতা ৪. ভাব ৬. পাত্র ৭. মঙ্গল ৯. অসি ১০. ক্ষমতা ১১. নবশাক ১২. অনিয়ম ১৪. রক্ষক ১৫. ধিক ১৬. রসিকা ১৭. কাশ ১৮. নীপ ১৯. রক্তরক্তি

**ওপর-নিচ:** ১. দীপদান ২. পাত্র ৩. তামসিক ৫. বনিতা ৮. লক্ষমাণিক ৯. অশান্তিকর ১২. অধিকার ১৩. মন্ত্রশক্তি ১৪. রজনী ১৭. কার

## আজকের দিন



- **১৯৬৩** — ভ্যালেন্তিনা তেরেশকোভা প্রথম নারী মহাকাশচারী হয়েছিলেন।
- **১৯০৩** — হেনরি ফোর্ড এবং আরও ১১ জন বিনিয়োগকারী মিলে ফোর্ড কোম্পানি প্রতিষ্ঠা করেন।
- **১৯৭৬** — দক্ষিণ আফ্রিকায় হাজার হাজার ছাত্রছাত্রী স্কুলে আফ্রিকানস ভাষা বাধ্যতামূলক করায় বিক্ষোভ প্রদর্শন করে।

## জন্মদিন



**১৯২০** *বিশিষ্ট শিল্পী ও সুরকার হেমন্ত মুখোপাধ্যায়ের জন্মদিন।*

**১৯৫০** *চলচ্চিত্রাভিনেতা ও রাজনীতিবিদ মিঠুন চক্রবর্তীর জন্মদিন।*

**১৯৭১** *বিশিষ্ট চলচ্চিত্র নির্দেশক ইমতিয়াজ আলির জন্মদিন।*

হেমন্ত মুখোপাধ্যায়

# তৃণমূলের দুর্নীতিবাজ জাহাঙ্গিরদের জেলযাত্রা

## আগে ছিল হুটার গাড়ি সামনে, এখন কোমরে দড়ি দিয়ে টানছে পুলিশ

**প্রদীপ মারিক**



একেই বলে ধর্মের কল বাতাসে নড়ে। কিছুদিন আগে পর্যন্ত কি হুঙ্কার তৃণমূলের এই চারফুট নেতার, 'আমি পুস্পা, ঝুঁকেগা নেহি'। আজ কি হল সেই দুর্নীতিবাজ জাহাঙ্গীর ফলতা ফতেপুর বাইপাসে বেলসিংহ স্কুলের পাশ থেকে হেঁটে চলেছেন। যে জাহাঙ্গীরের সামনে ছিল হুডার গাড়ি সবসময় ঘিরে থাকতো জনা দশ-বারো সশস্ত্র পুলিশ বাহিনী আজ সেই পুলিশ'ই কখনো তার কোমরে কখনো তার প্রিয় সাদা অথবা কালো টি-শার্টের কলার ধরে হিরহির করে হাঁটতে হাঁটাতে নিয়ে যাচ্ছে। হাত জোড় করে ক্ষমা চাইতে চাইতে যাচ্ছে পুস্পা।

তোলামুলের সুজিত, স্বরূপ, অরূপ, শওকত, সাজাহানদের মত চার ফুটের নেতারা যে কত বড় কালপিট, সে কথা এখন বঙ্গবাসীদের কাছে জলের মত পরিষ্কার। কোটি কোটি টাকা বাজেটের দুর্গাপুজো শ্রীভূমি, সুরুচি সংঘের। কোথা থেকে আসতো এত টাকা? সিআইডি তদন্তের প্রয়োজন। যেখানে বঙ্গের প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি পুজোর প্রায় একমাস আগেই উদ্বোধন করে দিতেন শ্রীভুমির দুর্গাপুজো। নেতার নাম সুজিত বসু। তিনি এবার পুরনিয়োগ দুর্নীতি মামলার তদন্তে দক্ষিণ দমদম পুরসভায় বেআইনি ভাবে চাকরিপ্রাপকদের নাম সুপারিশ করার অভিযোগে গ্রেফতার হয়েছেন। সুরুচি সংঘের কর্ণধার তথা তোলামুলের আমলের প্রাক্তন ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাস মেসি কাণ্ডের পুলিশ তদন্তকারীদের দেখে পালিয়ে বেড়াচ্ছেন। তোলামুলের যারা জেল যাত্রা ইতিমধ্যেই করেছে তারা জেলের বিছানা ঝাড়া মোছা করে রাখছে এই বুঝি আর একজন এলো বলে। জালিয়াতি সই কান্ডে বিধানসভায় মুছে গেলেও সংশোধিনাগারে তোলামুল দলে ভারী হওয়া শুধু সময়ের অপেক্ষা।

শ্রীভূমির কর্ণধার জেলে। সাধারণ বন্দিদের যেখানে নিত্যপ্রয়োজনীয় জিনিস পেতে সমস্যা হয়, সেখানে প্রথম শ্রেণির বন্দি হিসেবে সুজিত বসু টুথপেস্ট ও ব্রাশ ব্যবহারের অনুমতি পাবেন। সাধারণ কয়েদিরাও জেলের নিয়ম অনুযায়ী দাঁত মাজার মাজন পেয়ে থাকেন। সবচেয়ে বড় সুবিধাটি হল খাবারের ক্ষেত্রে। আইনি আবেদনের পরিপেক্ষিতে অবশেষে প্রেসিডেন্সি জেলে প্রথম শ্রেণির বন্দির (ডিভিশন ওয়ান প্রিজনার) মর্যাদা পেলেন সুজিত বসু। তাঁর সামাজিক অবস্থান, রাজনৈতিক গুরুত্ব এবং বর্তমান শারীরিক অসুস্থতার কথা বিচার করেই আদালত ও জেল কর্তৃপক্ষ এই আবেদন মঞ্জুর করেছে। ব্রিটিশ আমলে মূলত রাজনৈতিক বন্দিদের জন্য এই বিশেষ মর্যাদার সূচনা হয়েছিল, যা স্বাধীন ভারতেও বন্দির সামাজিক ও শারীরিক পরিস্থিতি অনুযায়ী বজায় রাখা হয়েছে। প্রথম শ্রেণির বন্দি হিসেবে সুজিত বসু সাধারণ কয়েদিদের তুলনায় বেশ কিছু বাড়তি ও আরামদায়ক সুবিধা পাবেন। জেলের সাধারণ সেলের পরিবর্তে তাঁকে দেওয়া হবে একটি সম্পূর্ণ আলাদা সেল, যার সঙ্গে থাকবে অ্যাটাচড বাথরুমের সুবিধা। এছাড়া সেলে তাঁর জন্য থাকবে আলাদা খাট, ফ্যান এবং মশার উপদ্রব থেকে বাঁচতে মশারির ব্যবস্থা। সাধারণ বন্দিদের যেখানে নিত্যপ্রয়োজনীয় জিনিস পেতে সমস্যা হয়, সেখানে প্রথম শ্রেণির বন্দি হিসেবে সুজিত বসু টুথপেস্ট ও ব্রাশ ব্যবহারের অনুমতি পাবেন। সুজিত বসুকে লাইনে দাঁড়িয়ে খাবার সংগ্রহ করতে হবে না, দিনে তিনবার তাঁর সেলে সরাসরি খাবার পৌঁছে দেওয়া হবে, যা কার্যত হোম ডেলিভারির সমতুল্য।

তৃণমূলের আর এক হাই প্রোফাইল কয়েদি হতে চলেছেন স্বরূপ বিশ্বাস। খুনের চেষ্টা, অস্ত্র আইন-সহ একাধিক জামিন অযোগ্য ধারায় স্বরূপ বিশ্বাসের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। এক মহিলা মেকআপ আর্টিস্টের সঙ্গে অশালীন আচরণেরও অভিযোগ উঠেছে অরূপ বিশ্বাসের ভাইয়ের বিরুদ্ধে। ক্ষ্ণ্ণ(-এর ৩০৮-এর ৪ ও ৫ ধারা, ১০৯ নম্বর ধারা, ২৫/২৭ নম্বর ধারায় মামলা রুজু করা হয়েছে। নিউ আলিপুর থানায় নিগ্রহ, শ্লীলতাহানি এবং তোলাবাজির অভিযোগ দায়ের করা হয়েছিল। সেই অভিযোগের ভিত্তিতেই স্বরূপ বিশ্বাসকে গ্রেপ্তার করেছে পুলিশ। নিউ আলিপুর থানার সামনে ভিড় করেছিলেন এলাকার সাধারণ মানুষের একাংশ। স্বরূপ বিশ্বাসের বিরুদ্ধে ক্ষোভে ফেটে পড়েছেন তাঁরা। সাধারণ বাসিন্দাদের অভিযোগ, দীর্ঘদিন ধরে তোলাবাজি ও অত্যাচার করেছেন স্বরূপ বিশ্বাস ও তাঁর সঙ্গীরা। সাধারণ বাসিন্দাদের দাবি, সকলের সামনে দিয়ে হাঁটিয়ে তাঁকে থানায় নিয়ে যেতে হবে। ওই ভিড় থেকে অরূপ বিশ্বাসের বিরুদ্ধেও স্লোগান দিতে শোনা গিয়েছে উত্তেজিত বাসিন্দাদের একাংশের

ইতিমধ্যেই টলিপাড়ার ফেডারেশন অফ সিনে টেকনিশিয়ানস অ্যান্ড ওয়ার্কাস অফ ইস্টার্ন ইন্ডিয়া- সংগঠনটি ভেঙে দেওয়ার ঘোষণা করেছিলেন টালিগঞ্জের বিধায়ক পাপিয়া অধিকারী। এই সংগঠনের সভাপতি ছিলেন স্বরূপ বিশ্বাস। তাঁর বিরুদ্ধে একাধিক অভিযোগ ছিল আগে থেকেই। স্বরূপ বিশ্বাসের জমানায় ফেডারেশনের অন্দরে একাধিক আর্থিক অনিয়মের অভিযোগ উঠেছিল। টালিগঞ্জের বিধায়ক পাপিয়া অধিকারী কথায়, 'কর্মফল ভুগতেই হবে। যাঁরা অন্যায় করেছে, তাঁদের অন্য কোনওভাবে তো রেহাই হবে না। ক্ষমতার মোহে যাঁরা অন্ধ ছিলেন, তোলাবাজি ভীষণ হয়েছে। এক একটা কার্ড কত কত টাকায় বিক্রি হয়েছে, তদন্তে এটা পরিষ্কার হবেই।'

আলিশান বাংলো আর বিলাসবহুল জীবন ছেড়ে হঠাৎই জেলের জলহাওয়া! জেলের ভাত এবার খাবে এই দুর্নীতিবাজরা। সম্প্রতি ঘটে গিয়েছে রাজ্যে পালাবদল। রাজ্যের প্রাক্তন মন্ত্রী থেকে ছোটো, বড়, মাঝারি নেতাদের দুর্নীতির দায়ে বাসা বদল হয়ে কারাবাস হয়েছে। কেউ আছেন সরাসরি জেলে আবার কেউ কেউ কেন্দ্রীয় সংস্থার হেফাজতে। কিন্তু পালাবদলের সঙ্গে সঙ্গে রাজার হাল থেকে জেলের জলহাওয়ায়। রাজ্যে পালাবদলের পর জেলেও অবশ্য কিছু হাওয়াবদল হয়েছে। তদন্তের অধীনে থাকা জেলবন্দী কয়েদীরা ক্ষমতার জোরে আর তেমন বিশেষ সুবিধা পাচ্ছেন না। সবটাই আইন মোতাবেক ঘটছে অর্থাৎ যদি আদালত মনে করে কাউকে গ্রেড ১ প্রোটেকশনে রাখবে সেই অর্ডার দিতে পারে এবং জেল কর্তৃপক্ষ সেই কয়েদিকে নিয়ম মেনে আলাদা সেল বা প্রোটেকশনে রাখতে পারে। সুতরাং তদন্তের স্বার্থে আলাদা কক্ষ পাওয়া গেলেও খাবারে খুব বেশি বদল নেই। স্বাস্থ্য পরীক্ষার পর বাকি সাধারণ কয়েদিদের মতোই একই মেনুর খাবার খেতে হবে। শুধু খাওয়া নয়। জেলে থাকাটাও একটা ব্যাপার। বর্তমানে আর আগের মতো নেই। এখন চৌকিতে কম্বল পেতে শুতে দেয়। আর গায়ে দেবার জন্য কম্বল থাকে। কিন্তু পুলিশ লক আপ বা ক্ষ্ণঙ্গ, ঙ্খক্ষ্ণ্জ হেফাজতে যারা থাকেন তাদের চৌকি, মাথার বালিশ, বিছানা দেওয়া হয়। কখনও বা মাটিতে গদি। তবে খাবার একই রকম সহজ পাচ্য।

কিন্তু প্রশ্ন হচ্ছে এত তৃণমূলের চোর চিটিংবাজদের রাখবে কোথায়? তিনটে বড় জেল, একটা প্রেসিডেন্সি, একটা বারুইপুর টংতলা, একটা দমদম। এই জেল গুলোয় তো এমনিতেই অনেক আসামি। অনেক আসামি নূন্যতম বেলবন্ড বা উকিল ঠিক করতে পারেনা বলে জেল থেকে বেরোতে পারেনা। তার ওপর আবার অনেক উকিল আসামিকে হাতিয়ার করে জেলবন্দিদের বাড়ির মানুষের কাছ থেকে লাখ লাখ টাকা নিয়ে যায়, অথচ জামিন করায় না। কেন সেই প্রশ্ন কিন্তু কেউ আইনজীবীকে করতে পারে না, কারণ জেলবন্দি বাড়ির মানুষের বাড়ির লোকরা ভিটে মাটি বিক্রি করে সর্বশান্ত হয়। তিনটে বড় জেলে এমন জেলবন্দী অনেকেই আছেন। কলকাতায় তিনটে বড় জেলে জায়গা হবে কি দুর্নীতিবাজ তৃণমূলীদের। এবার তোলামুলের ছোট মাঝারি বড় নেতাদের জন্য একটা আলাদা জেল করার কথা ভাবুক পশ্চিমবঙ্গ সরকার, কারণ বিধানসভায় জালিয়াতি সই কাণ্ডে তোলামুল নিশ্চিন্ন হয়ে গেলেও সংশোধনাগারে এই দুর্নীতিবাজরা সংখ্যাগাড়িষ্ঠতার পথে, এ বিষয়ে কোন সন্দেহ নেই। সংশোধনাগারে তৃণমূলের দুর্নীতিবাজরা প্রবেশ করার সময় আগে থেকে জেল খাটা কয়েদিরা হয়তো বলে উঠবেন, ফলতার বেতাজ বাদশা জাহাঙ্গীর স্বাগতম--- বঙ্গবাসীদের আজ এটাই দেখা বাকি ছিল। সেই স্বাদ ও পূর্ণ হয়ে গেল দুর্নীতিবাজ তৃণামূলীদের জন্য।

# মধ্যপ্রাচ্যে যুদ্ধের পেছনে রয়েছে অস্ত্রের ব্যবসা

**নোটন কর**

গত তিন মাস ধরে চলমান যুক্তরাষ্ট্র-ইসরায়েল বনাম ইরানের যুদ্ধ মধ্যপ্রাচ্যের ভূ-রাজনীতি ও বিশ্ব অর্থনীতিকে গভীরভাবে নাড়িয়ে দিয়েছে। যার প্রভাব ভারতের অর্থনীতিতেও গভীরভাবে পড়েছে। গত ২৮ ফেব্রুয়ারি শুরু হওয়া এই সংঘাতে মার্কিন যুক্তরাষ্ট্র ও ইসরায়েল অভাবনীয় মাত্রায় সামরিক শক্তি প্রয়োগ করে ইরানের শীর্ষ নেতৃত্বের অনেককে হত্যা করেছে, ধ্বংস করেছে গুরুত্বপূর্ণ সামরিক ঘাঁটিগুওলি। তা স্বত্বেও, ইরান তার বিদ্রোহ ও সামরিক কৌশলের মাধ্যমে এখনো টিকে রয়েছে, বিশেষকরে বিশ্বের অন্যতম গুরুত্বপূর্ণ বাণিজ্য পথ হরমুজ প্রণালি অবরুদ্ধ করে। ইরান কার্যত বিশ্ব অর্থনীতিকে অবরুদ্ধ করেছে এই কৌশলে, যার ফলে তেলের দাম আকাশচুম্বী হয়েছে। অন্যদিকে, যুদ্ধে বিরূপ প্রভাব পড়ায় ট্রাম্প প্রশাসন এখন নিজের দেশে ও আন্তর্জাতিক ক্ষেত্রে তীব্র রাজনৈতিক ও কূটনৈতিক চাপের এবং সমালোচনার মুখে পড়েছে।

মধ্যপ্রাচ্যে এই যুদ্ধের কারণ কি বুঝতে হলে আমাদের বিশ্ব তেল ভান্ডারের গুরুত্ব বুঝতে হবে।

বিশ শতকের মাঝামাঝিতে ভূ-রাজনৈতিক বিতর্কে স্থির হয়ে যায় হয়ে যায়, আগামীদিনে পৃথিবীর মূল জ্বালানি হবে তেল। আর এই তেলের প্রচুর পরিমাণ মজুদ আছে মধ্যপ্রাচ্যে। ব্রিটেন-আমেরিকাসহ পশ্চিমা দেশগুলো মধ্যপ্রাচ্য থেকে শুধু তেল কিনবে আর বিনিময়ে ডলারের পর ডলার খরচ করে যাবে, তা কি করে হয়? এভাবে রাজকোষ খালি করলে চলবে কি করে? সুতরাং এমন এক উপায় তৈরি করো যা মধ্যপ্রাচ্যে আফিমের নেশার মতো কাজ করবে! আর সেই নেশা হল যুদ্ধ।

বিষয়টা বুঝতে হলে একটু ইতিহাসে ফিরে যেতে হবে। মনে করুন, ব্রিটিশরা চায়ের নেশা পেয়েছিল চীনাদের কাছ থেকে। এ নেশায় পড়ে নাকি ব্রিটিশদের রাজকোষ ফাঁকা হওয়ার জোগাড়। এদিকে চীন রৌপ্যমুদ্রা ছাড়া অন্য কিছুর বিনিময়ে চা রপ্তানি করতে রাজি নয়। ফলে, চীনারা বাক্সভর্তি চা পাতা দিচ্ছে, বিনিময়ে ব্রিটিশদের কাছ থেকে পাচ্ছে টনকে টন রৌপ্য। বিষয়টা ব্রিটিশদের ভাবাতে লাগলো, শুধু ব্রিটিশরাই কিনবে, চীন কিনবে না, সেটা কি হতে পারে? ব্রিটিশদের রৌপ্যমুদ্রায় চীনের রাজকোষ ভারী হবে কেন? তাই এমন ফন্দি আঁটো যাতে দুজনেই কেনাকেনি করতে পারি। আমিও কিনি, তুমিও কেনো। কিন্তু এই কেনাকেনির ব্যাপারে চীন তেমন সাড়া দেয়নি। তাহলে এমন উপায় বের করো যাতে চীন কিনতে বাধ্য হবে।

ব্রিটিশরা ধুরন্ধর ব্যবসায়িক ছিল। বুদ্ধি খাটিয়ে আয়তনে বাংলাদেশের চেয়ে ছোট একটা দেশ ইংল্যান্ড পৃথিবীর অর্ধেকটার মালিক হয়ে গিয়েছিল। ব্রিটিশরা চীনাদের ধরিয়ে দিল আফিমের নেশা। তারপর ১৮৫৮ সালে ব্রিটিশরা চীনে সাড়ে ৪ হাজার টন আফিম রপ্তানি করেছিল, যা এখনকার হিসাবে সারা পৃথিবীতে ১০ বছর ধরে উৎপাদিত আফিমের সমান! তারপর চীনের রাজকোষের রৌপ্যমুদ্রা জমতে থাকল ব্রিটেনে!

চা বনাম আফিমের নেশার এই বাণিজ্য চক্রটা বুঝলে পৃথিবীর এখনকার রাজনীতির হিসাবও সহজে বুঝতে পারা যাবে। বুঝতে পারা যাবে, 'ইসলাম', 'জঙ্গিবাদ' এসব আসলে চোখের ঠুলি। পেছনে আছে কয়েক লাখ কোটি টাকার ব্যবসা!

গত বছর গ্রিনপিসের একটি প্রতিবেদন (Data How guns and oil dominate UK-Saudi Arabia relationship) বলছে, ২০১৭ সালে ব্রিটেন সৌদি আরবের কাছ থেকে ৯০০ মিলিয়ন পাউন্ডের তেল কিনেছে। ওই বছর অক্টোবর পর্যন্ত ব্রিটেন অস্ত্র বিক্রি করেছে ৮৭২ মিলিয়ন পাউন্ড! কী অদ্ভুত ভারসাম্য, তাই না?

এখনকার 'মধ্যপ্রাচ্যের সংকট'-এর সূচনা ইসরায়েল-ফিলিস্তিন সংঘর্ষ থেকে। যার বীজটা রোপন করেছিল ব্রিটেন। প্রথম বিশ্বযুদ্ধের সময় ব্রিটেন জেরুজালেম ও এর সংলগ্ন অঞ্চলটা তিনটা পক্ষকে দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছিল! আরবদের বলেছিল- 'এ তোমাদেরই জায়গা, তোমরাই পাবে।' ইহুদিদের বলেছিল, 'আরে, তোমাদের স্বপ্নের স্বদেশভূমি তো এখানেই হবে। অবশ্যই তুমি পাবে।' আর ফ্রান্সকে বলেছিল, ভাগাভাগিতে তোমাকে দিলাম সিরিয়া, আর আমি এই দিকটা রাখলাম, কেমন!দ

সবকিছু ঠিকমতো চূড়ান্ত হওয়ার আগেই ইউরোপ থেকে জাহাজে করে হাজার হাজার ইহুদি চলে আসতে থাকে এই অঞ্চলে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর যা কয়েক লাখে পৌঁছায়। এই ইহুদিদের সঙ্গী ছিল ইউরোপে ভয়াবহ বিভীষিকার শিকার হওয়ার টাটকা স্মৃতি। দ্বিতীয় বিশ্বযুদ্ধে নাৎসিরা ৬০ লাখ ইহুদিকে হত্যা করেছিল।

নিজেদের স্বতন্ত্র আবাসভূমি, একটা দেশের স্বপ্ন; একটা নিরাপদ মানচিত্র তাদের টেনে এনেছিল ইসরায়েল নামের নতুন গঠিত এই রাষ্ট্রে। সেখানে হাজার হাজার বছর ধরে আরব-ইহুদিরা সুখে-শান্তিতেই ছিল। এই এলাকায় নতুন ভিড় করা এই জনগোষ্ঠীর জন্য মধ্যপ্রাচ্যে বিষয়টা জটিল আকার ধারণ করলো। নতুন ভিড় করা এই জনগোষ্ঠীর জন্য আরবদের বাধ্য করা হলো জমি ছেড়ে দিতে। ফিলিস্তিনিদের ভিটেমাটি ছাড়া করা হলো। কোণঠাসা হতে হতে এখন তারা কেবল গাজা আর পশ্চিম তীরে আবদ্ধ হয়ে পড়েছে। ফিলিস্তিনিরা পাল্টা প্রতিরোধ হিসেবে শুরু করল গুপ্ত হামলা। বিশ্বজুড়ে আজকের দুনিয়ার ধর্মীয় সন্ত্রাসবাদের পেছনে বড় ভূমিকা আছে এই অধ্যায়টির। যেটা কার্যত ছিল জমি-জমা নিয়ে বিরোধ, যার সঙ্গে ধর্মের কোনো সম্পর্কই নেই। ফিলিস্তিনিদের সেই আন্দোলনে শুরুর দিকে ছিল জমি হারানোর বিরুদ্ধে!

এবার এল দ্বিতীয় অধ্যায়, তআমেরিকা কি তেল শুধু কিনেই যাবে, মধ্যপ্রাচ্য কিছু কিনবে না? মধ্যপ্রাচ্যের তেল সম্পদ হস্তগত করতে শুরু হল আবার ফন্দি আঁটা! মধ্যপ্রাচ্যের অন্যান্য আরব দেশগুলোকে গিয়ে আমেরিকা বলল - তোমরা 'সুন্নি' তারা 'শিয়া' ভুলে যাচ্ছ কেন? ইরান কখনোই তোমাদের বন্ধু হবে না! আগামীকাল তারা যে তোমাদের দেশ আর তেলখনিগুলো দখল করে নেবে না, তার গ্যারান্টি কি? তোমাদের রাষ্ট্রীয় নিরাপত্তা সুরক্ষিত কি? এবার আমেরিকা আরব দেশগুলোকে বলল - আমার কাছে ভালো যুদ্ধ বিমান আছে, স্বয়ংক্রিয় রাইফেল, মিসাইল, লঞ্চার, হেলিকপ্টার, ড্রোন, ট্যাংক ইত্যাদি আছে। দেশের নিরাপত্তা সুনিশ্চিত করতে আমার কাছ থেকে অস্ত্রশস্ত্র কেনো? স্পেশাল ডিসকাউন্ট দেব!

ঐতিহাসিক অ্যান্ড্রু মারে 'হিস্ট্রি অব দ্য ওয়ার্ল্ড' বইতে বলেছেন, 'সাম্রাজ্যবাদ আসলে শান্তি চায় না, যুদ্ধ চায়। কারণ যুদ্ধই হচ্ছে আসল ব্যবসা!' সারা বিশ্বে যুদ্ধ বনাম শান্তি বনাম বাণিজ্যের এ এক অদ্ভুত এক চক্র। এ নিয়ে গবেষণায় সবচেয়ে বিখ্যাত সংস্থা হলো স্টকহোম ইন্টারন্যাশনাল পিস রিসার্চ ইন্সটিটিউট। তাদের এক প্রতিবেদনের সূত্র ধরে ইউএসএ টুডে (10 companies profiting the most from war) দেখিয়েছিল, তঽ০১৬ সালে পৃথিবীর বড় ১০০ অস্ত্র ব্যবসায়ী মিলে ৪১০ বিলিয়ন ডলারের ব্যবসা করেছে। মাত্র ১০টি কোম্পানি পৃথিবীর অস্ত্র ব্যবসার ৫০ শতাংশ (২০৮ বিলিয়ন ডলার) নিয়ন্ত্রণ করে। এর মধ্যে ৭টি কোম্পানি আমেরিকার (লকহিড মার্টিন, বোয়িং, জেনারেল ডায়নামিকস, রেথিওন ডায়নামিকস, নর্থ্রপ গ্রুমান, এলথ্রি কমিউনিকেশন, ইউনাইটেড টেকনোলজিস)। ব্রিটেনের বা ইউরোপের তিনটি (বিএই সিস্টেম, এয়ারবাস, ফিনমেকানিকা)। এরা শুধু যুদ্ধের ব্যবসা নিয়ন্ত্রণ করে না, যুদ্ধও নিয়ন্ত্রণ করে। যুদ্ধ বাঁধায়। রাজনীতিবিদদের ব্যবহার করে। এই কোম্পানিগুলো ২০১০ সালে ১৬৬.৪ মিলিয়ন ডলার খরচ করেছে মার্কিন রাজনীতিবিদদের সঙ্গে লবিবাজি ও অনুদান নামে ঘুষের পেছনে।দ এখন এটা পরিষ্কার হয়ে গেছে, বুশ প্রশাসন চাপিয়ে দিয়েছিল ইরাক যুদ্ধ। আল কায়দার সঙ্গে সাদ্দাম হোসেনের কল্পিত যোগসূত্র তৈরি করে ইরাক দখল করাই ছিল মূল উদ্দেশ্য। এর পেছনেও তেল আর যুদ্ধের ব্যবসা। কীভাবে?

ইরাক যুদ্ধের সময় সবচেয়ে বড় আর্থিক লাভজনক প্রতিষ্ঠান হয়েছিল যার নাম 'হলিবার্টন'। সে সময় ৪০ বিলিয়ন ডলারের অস্ত্রশস্ত্র বিক্রির বরাত (কন্ট্রাক্ট) পেয়েছিল তারা। তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট জর্জ বুশের ভাইস প্রেসিডেন্ট 'ডিক চেনি' ১৯৯৫ সাল থেকে ২০০০ সাল পর্যন্ত এই হলিবার্টনের প্রধান নির্বাহী কর্মকর্তা ছিলেন। ২০০১ সালে ভাইস প্রেসিডেন্ট হওয়ার পর সেই পদ ছাড়েন। যদিও সিএনএন নিউজ চ্যানেল পরে ফাঁস করে দেয়, চেনি ভাইস প্রেসিডেন্ট থাকার সময়ও বছরে দেড় লাখ ডলার হিসেবে পেতেন হলিবার্টনের কাছ থেকে! বর্তমান মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্পও একই পথে হাঁটছেন। গত কিছুদিন ধরে যা ঘটছে, তাতে মধ্যপ্রাচ্যে আরও বড় যুদ্ধের আভাষ পাওয়া যাচ্ছে। মুসলিমদের গালমন্দ করে ক্ষমতায় আসা ডোনাল্ড ট্রাম্পের প্রথম বিদেশ সফর ছিল মুসলিম দেশ সৌদি আরব। সেখানে মুসলিম দেশগুলোর সম্মেলনে তিনি প্রধান অতিথি ছিলেন। মধ্যপ্রাচ্য সংকট সমাধানে এরপর তিনি ১১০ বিলিয়ন ডলারের অস্ত্র চুক্তি করেন সৌদি আরবের সঙ্গে। লকহিড মার্টিনের সঙ্গে সৌদি সরকারের এই চুক্তির দর-কষাকষি করেছেন ট্রাম্পের জামাই জ্যারেড কুশনার (সিএনএন Trump signs Kushner-negotiated $100B (audi arms deal)। হু হু করে মার্কিন অস্ত্র বিক্রি বাড়ছে মধ্যপ্রাচ্যে, এশিয়ায়। দ্য গার্ডিয়ান পত্রিকা জানাচ্ছে, গত পাঁচ বছরে সৌদি আরবের অস্ত্র ক্রয় ২৭৫ শতাংশ বেড়েছে। আর ২০১৫ সালের ১৮ এপ্রিল যুক্তরাষ্ট্রের অন্যতম সংবাদমাধ্যম নিউইয়র্ক টাইমসের একটি খবরের শিরোনাম ছিল- Sale of U.S. Arms Fuels the Wars of Arab States। তপৃথিবীতে শান্তি থাকলে অস্ত্র বিক্রি হবে না। পৃথিবীকে অশান্ত করা তাই খুব জরুরি।দ আরও অনেক হিসাব-নিকাশ আছে। আছে অনেক গুটি চালাচালি। আছে দূর থেকে কলকাঠি নাড়া। যাকে বলে ছায়া যুদ্ধ বা প্রক্সি-ওয়ার। এখন মধ্যপ্রাচ্যে এই যুদ্ধাস্ত্র ব্যবসায়ীরাই কাজে লাগাচ্ছে ধর্মকে! যে মানুষটা জিহাদের জন্য নিজের প্রাণ উৎসর্গ করছে, সে জানছেও না, দাবার ছকে সে আসলে সামনের সারির গুটি!! আমরা জানি না, পৃথিবীর এই দৃশ্যপট কবে বদলাবে?

কোট-আনকোট



**এ-পক্ষ, ও-পক্ষ নয়, আমি-আমি নই, আমরা-আমরা নীতিতে বিশ্বাস রেখে আমরা যেন আমাদের কলকাতাকে সাজিয়ে তুলতে পারি।**

*শুভেন্দু অধিকারী, মুখ্যমন্ত্রী, পশ্চিমবঙ্গ*

## লেখা পাঠান

**সময়োপযোগী উত্তর সম্পাদকীয় লেখা পাঠান। যে কোনও বিষয়ে আপনার মতামত বা অভিযোগ জানিয়ে পাঠান চিঠিপত্র। অবশ্যই nicode-এ টাইপ করে পাঠাতে হবে।**

email : dailyekdin1@gmail.com

# মালদহ জেলা পরিষদের তৃণমূল সভাধিপতির বিরুদ্ধে অনাস্থা

**নিজস্ব প্রতিবেদন, মালদা:** মালদা জেলা পরিষদের তৃণমূল দলের সভাধিপতি ও সহকারি সভাপতির বিরুদ্ধে দলেরই একদল নির্বাচিত সদস্যরা অনস্থা আনতে ডিভিশনাল কমিশনারের দপ্তরে চিঠি দিলেন। সোমবার দুপুরে এই অনাস্থার বিষয়ে জানাজানি হতেই তৃণমূলের গোষ্ঠীদ্বন্দ্ব প্রকাশ্যে চলে এসেছে। দলের ভাঙনের বিষয়টি নিয়ে রীতিমতো অস্বস্তিতে পড়েছে জেলা তৃণমূল নেতৃত্ব। যদিও এদিন অনাস্থা প্রস্তাবের স্বপক্ষে থাকা ১৭ জন জেলা পরিষদের জনপ্রতিনিধিরা জানিয়েছেন, তারা তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গেই রয়েছেন। কিন্তু মালদা জেলা পরিষদের সভাধিপতি ও সহকারি সভাধিপতির দীর্ঘদিন ধরে বিভিন্ন সরকারি কাজ নিয়ে অনিয়ম করেছেন। দলে নির্বাচিত সদস্যদের কোনরকম যোগ্য মর্যাদা দেওয়া হয় নি। সেইসব পরিপ্রেক্ষিতেই অনাস্থার মাধ্যমে নতুনভাবে জেলা পরিষদের বোর্ড গঠনের দাবি জানানো হয়েছে। প্রশাসন সূত্রে জানা গিয়েছে, মালদা জেলা পরিষদের মোট আসন সংখ্যা ৪৩। যার মধ্যে তৃণমূল পেয়েছিল ৩৪টি আসন। বিজেপির দখলে ছিল ৪টি আসন এবং কংগ্রেসের দখলে ছিল ৫টি আসন। গত ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের পর একক সংখ্যাগরিষ্ঠতায় জেলা পরিষদ দখল করে তৃণমূল। সভাধিপতি হন লিপিকা বর্মন ঘোষ এবং সহকারি সভাধিপতি হন এটিএম রফিকুল হোসেন। রাজ্যে তৃণমূল সরকার ক্ষমতায় থাকার পর থেকেই সভাধিপতি এবং সহকারি সভাধিপতির কাজকর্ম



নিয়ে কোনরকম অভাব অভিযোগ ওঠেনি। কিন্তু রাজ্যের ক্ষমতার পালাবদল হতেই এবারেই সংশ্লিষ্ট জেলা পরিষদের তৃণমূলের একদল নির্বাচিত সদস্যরা অনাস্থা প্রস্তাবের স্বপক্ষে দাঁড়িয়ে প্রশাসনকে চিঠি দিয়েছে। এদিন বিক্ষুব্ধ মালদা জেলা পরিষদের নির্বাচিত সদস্য সাগরিকা সরকার জানিয়েছেন, আজকে ১৭ জন নির্বাচিত সদস্য একজোট হয়েই অনাস্থা প্রস্তাবে স্বাক্ষর করেছেন। আশা করছি ১৪ দিনের মধ্যেই এই অনাস্থা প্রস্তাব ডাকবে প্রশাসন। মালদা জেলা পরিষদের শিক্ষা কর্মাধ্যক্ষ তথা তৃণমূল নেত্রী প্রতিভা সিংহ বলেন, দীর্ঘদিন ধরেই একচ্ছত্রভাবে সভাধিপতি ও সহকারি সভাধিপতি কাজ করে চলেছেন। তাদের পছন্দের চার থেকে পাঁচজনকে জেলা পরিষদের সমস্ত কাজ বন্টন করে দেওয়া হচ্ছে। কোনরকম জেনারেল মিটিং করা হয় না । বাজেট পেশের আগেও জেনারেল মিটিং হয় নি। অন্যান্য নির্বাচিত সদস্যদের কোনরকম ভাবেই গুরুত্বই দেওয়া হচ্ছিল না। তাই দলেরই সিংহভাগ নির্বাচিত সদস্যরা অসন্তোষ প্রকাশ করেই সভাধিপতি ও সহকারি সভাধিপতির বিরুদ্ধেই অনাস্থা এনেছেন। যদিও এ প্রসঙ্গে মালদা জেলা পরিষদের সহকারি সভাধিপতি এটিএম রফিকুল হোসেন বলেন, 'এখন যে যার মতোন সুযোগ নিচ্ছে। যেসব অভিযোগ তোলা হচ্ছে তা সম্পূর্ণ ভিত্তিহীন। দীর্ঘদিন ধরেই জেলা পরিষদের সমস্ত নিয়ম মেনে কাজ করা হয়েছে।' মালদা জেলা পরিষদের কংগ্রেসের বিরোধী দলনেতা আধুল হান্নান জানিয়েছেন, তৃণমূল দলের নিজেদের এখন গোলমাল শুরু হয়েছে। যার ফলে অনাস্থা প্রস্তাব আনার বিষয়টি শুনেছি। কংগ্রেস এব্যাপারে কোনও হস্তক্ষেপ করবে না। এদিকে বিজেপির দক্ষিণ মালদা সাংগঠনিক সভাপতি অজয় গঙ্গোপাধ্যায় বলেন, মালদা জেলা পরিষদের তৃণমূল দলের গোষ্ঠী কোন্দলের জেরেই ভাঙনের মুখে জেলা পরিষদ। তবে এখানে বিজেপি নির্বাচিত সদস্যরা মাথা ঘামাতে যাবেন না।

# স্কুলের পঠনপাঠন লাটে, প্রধান শিক্ষককে ডিম ছুড়ে প্রতিবাদ

**নিজস্ব প্রতিবেদন, মালদা:** স্কুলের পঠন পাঠন ব্যবস্থা লাটে উঠে যাওয়ার অভিযোগ তুলেই ভারপ্রাপ্ত প্রধান শিক্ষককে ডিম ছুঁড়ে প্রতিবাদ জানালেন সংশ্লিষ্ট এলাকার গ্রামবাসীরা। সোমবার সকাল ১১টা নাগাদ এই ঘটনাকে ঘিরে ব্যাপক উত্তেজনা ছড়িয়ে পড়ে মানিকচক থানার নাজিরপুর গ্রাম পঞ্চায়েতের হরিপুর প্রাথমিক বিদ্যালয় চত্বরে। রীতিমতো ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক-সহ মোট পাঁচজন শিক্ষক-শিক্ষিকাদের স্কুলে ঘর বন্দী করে ঘণ্টাখানেক ধরে বিক্ষোভ দেখান শতাধিক গ্রামবাসীরা। তাঁদের অভিযোগ, এই প্রাথমিক স্কুলে ১০০'র বেশি পড়ুয়া থাকলে ১০ থেকে ১৫ জনের বেশি আসে না। কারণ, নিয়মিত স্কুল হয় না। শিক্ষক ও শিক্ষিকারা ঠিকমতো হাজিরা দেন না। মিড ডে মিলও নিয়মিত পাওয়া যায় না। এরকম নানান অভিযোগ রয়েছে দীর্ঘদিন ধরে। এবিষয়ে আগেও সংশ্লিষ্ট স্কুল কর্তৃপক্ষকে সতর্ক করা হয়েছিল। কিন্তু স্কুলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক কোনরকম ভাবে বিষয়টিতে গুরুত্ব দেয় নি। দিনের পর দিন এই স্কুলের পঠন-পাঠন ব্যবস্থা অবহেলিত হয়ে পড়ার কারণেই ক্ষোভের সঞ্চার হয় গ্রামবাসীদের মধ্যে। অবশেষে এদিন স্কুলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষককে ডিম ছুঁড়ে প্রতিবাদ জানিয়ে ঘরবন্দী করে রাখা হয়। পরে অবশ্যই এই ঘটনার খবর পেয়ে ওই এলাকায় পৌঁছায় মানিকচক থানার পুলিশ। বিক্ষোভকারী গ্রামবাসীদের সঙ্গে কথা বলে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে পুলিশ। এদিন বিক্ষোভকারীরা অভিযোগ করেন, দিনের পর দিন এই স্কুলে পড়াশোনা হয় না। শিক্ষক-শিক্ষিকারা এসে গল্পে ব্যস্ত থাকেন। মাঝেমধ্যেই ক্লাস ঘরের আশেপাশে আজেবাজে সব জিনিস পড়ে থাকছে। কখনো উদ্ধার হচ্ছে মদের বোতল, তো কন্ডমের



প্যাকেট। এর থেকে আর লজ্জার কি হতে পারে। দীর্ঘদিন ধরে এই অনিয়মের জেরেই অসন্তোষ তৈরি হয়েছে গ্রামবাসীদের মধ্যেই। এদিন স্কুলে অনেক দেরিতেই ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক এসে পৌঁছায়। আর তারপরেই শুরু হয় বিক্ষোভ। তাদের প্রথমে একটি ক্লাস ঘরে আটকে রেখে বিক্ষোভ দেখানো হয়। এরপর প্রধান শিক্ষককে লক্ষ্য করে একাধিক মহিলারা একের পর এক ডিম ছুঁড়ে প্রতিবাদ জানান। এবিষয়ে হরিপুর প্রাথমিক বিদ্যালয়েরর ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আমরুল হোসেন বলেন, 'রীতিমতো পরিকল্পনা করেই আমার ওপর ডিম ছুঁড়ে হামলা চালানো হয়েছে। এই ঘটনার পিছনে এই নাজিরপুর গ্রাম পঞ্চায়েত প্রধান দেবাশিস মণ্ডলের ষড়যন্ত্র রয়েছে। কারণ স্কুলের কিছু কাজ যেটা পঞ্চায়েত থেকে করা হচ্ছিল তা নিম্নমানের হাওয়ায় প্রতিবাদ করেছিলাম। তারই প্রতিশোধ নিতেই এই ভাবেই কিছু গ্রামবাসীদের উস্কে দিয়েই আমার উপর হামলা চালানো হয়েছে।' পুরো বিষয়টি নিয়ে পুলিশকে অভিযোগ জানানো হবে। নাজিরপুর গ্রাম পঞ্চায়েতের তৃণমূল দলের প্রধান দেবাশিস মণ্ডল বলেন, 'স্কুলের পঠন-পাঠন ব্যবস্থা লাটে উঠেছে। মিড ডে মিলের অনিয়ম-সহ বিভিন্ন বিষয় নিয়ে গ্রামবাসীরা বিক্ষোভ দেখিয়েছে। আর নিজেদের দোষ ঢাকতেই এখন আমার বিরুদ্ধে ভিত্তিহীন দোষারোপ করা হচ্ছে।'

# দলের রাশ অন্নদের হাতে দিতে চান না এনসিপিআই প্রধান

**নিজস্ব প্রতিবেদন, বারাসাত:** এনসিপিআই-এর ফাউন্ডার পরিষ্কার বললেন, তিনি জানতেনই না বিক্ষুব্ধ সাংসদেরা তার দলে যোগ দিতে চাইছেন। পরে তিনি জেনেছেন সোশ্যাল মিডিয়ায়, সংবাদমাধ্যম সহ অন্যান্যদের কাছ থেকে। পরবর্তীতে আলোচনার মাধ্যমে তাদের দলে নিতে আপত্তি নেই বলে তিনি জানিয়েছেন। তবে দলের রাশ অন্যদের হাতে তিনি দিতে চাননা। দলের কেউ কেউ সেই কৌশল করছে বলেও এদিন অভিযোগ করেছেন ফাউন্ডার শান্তনু দে। শুধু তাই নয়, দলে আগে তাদের আলোচনা হতে হবে, তারপর পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে। তাদের দলের মধ্যে প্রেসিডেন্ট শিউলি কুণ্ডু একতরফাভাবে সিদ্ধান্ত নিয়েছেন। সে একতরফা কাউকে যোগ দেওয়াতে পারবে না। দল তৈরি হওয়ার পর ত্রিপুরা নির্বাচনে তারা লড়াই করেছিলেন তারপর থেকে আর্থিক কারণে আর লড়াই করতে পারেননি কোনও নির্বাচনে। এই সাংসদরা এসে গেলে তাদের দলের গুরুত্ব বাড়বে তারা যে মানুষের অধিকার নিয়ে কাজ করে সেই অধিকার নিয়ে কাজ করার পরিসর বাড়বে সে কথা মানলেও এখনো পর্যন্ত আলোচনা পর্যাপ্ত না হলে পরিষ্কার করে বলতে পারছেন না আগামীতে কি হবে।

# জনকল্যাণ শিবির পরিদর্শনে বিরাজ

**নিজস্ব প্রতিবেদন, গঙ্গারামপুর: সাধারণ মানুষের কাছে সরকারি প্রকল্প ও পরিষেবাগুলো ঠিকঠাকভাবে পৌঁছাচ্ছে কিনা এবং তার পরিকাঠামো কেমন রয়েছে, তা খতিয়ে দেখতে দক্ষিণ দিনাজপুর জেলা সফরে এলেন রাজ্যের প্রতিমন্ত্রী বিরাজ বিশ্বাস। সোমবার জেলার গঙ্গারামপুর ব্লকের ঠেঙ্গাপাড়া এবং কুশমন্ডি ব্লকের জামবাড়ি এলাকায় আয়োজিত জনকল্যাণ শিবিরে উপস্থিত হন তিনি। সেখানে পৌঁছে শিবিরের বিভিন্ন পরিকাঠামো খতিয়ে দেখার পাশাপাশি, পরিষেবা নিতে আসা সাধারণ মানুষের সঙ্গে সরাসরি কথা বলেন মন্ত্রী। সরকারি প্রকল্পগুলো পেতে তাদের কোনো সমস্যা হচ্ছে কিনা, সে বিষয়েও খোঁজখবর নেন তিনি। ঠেঙ্গাপাড়া এলাকায় এদিনের এই পরিদর্শন কর্মসূচিতে প্রতিমন্ত্রীর পাশাপাশি উপস্থিত ছিলেন গঙ্গারামপুরের মহকুমা শাসক (এসডিও) অভিষেক শুক্লা, গঙ্গারামপুর ব্লকের বিডিও অর্পিতা ঘোষাল এবং কুশমন্ডির বিধায়ক তাপস চন্দ্র রায়-সহ প্রশাসনের অন্যান্য উচ্চপদস্থ আধিকারিকেরা।**

# বউ চুরির অভিযোগ তৃণমূল নেতার বিরুদ্ধে

**নিজস্ব প্রতিবেদন, হাড়োয়া:** অভিনব চুরির অভিযোগ তৃণমূল নেতার বিরুদ্ধে। এতদিন চাল চুরি, চাকরি চুরি, কয়লা চুরি, গোরু চুরি-সহ একাধিক চুরির অভিযোগ উঠেছিল তৃণমূল নেতাদের বিরুদ্ধে। এবার বৌ চুরির মত বিরলতম চুরির অভিযোগ উঠলো ঘাস ফুলের নেতা হাড়োয়ার ফিরোজ মোল্লা'র বিরুদ্ধে। এমন ঘটনার কথা প্রকাশ্যে আসতেই চাঞ্চল্য ছড়িয়েছে। ধিক্কার জানিয়ে বিজেপি থেকে অন্যান্য দলের সকল নেতারাই। অভিযোগ আইএসএফ কর্মীর স্ত্রীকে জোর করে চুরি করে নিয়ে নিয়েছে ওই তৃণমূল নেতা। প্রতিবাদ করায় মারধর করে রক্তাক্ত করা হয়েছে আইএসএফ কর্মী আব্বাস আলিকে। আক্রান্ত আইএসএস কর্মীকে হাড়োয়া গ্রামীণ হাসপাতালে চিকিৎসা করানো হয়। ঘটনাটি ঘটেছে বসিরহাট মহকুমার হাড়োয়া থানার সোনাপুকুর শংকরপুর এলাকায়। আইএসএফ কর্মী আব্বাস আলির অভিযোগ, 'তৃণমূল জামানায় ক্ষমতার আস্ফালনে স্থানীয় তৃণমূল নেতা ফিরোজ মোল্লা তাঁর স্ত্রীকে জোর করে নিয়ে রেখে দিয়েছে। ঘটনাটি প্রায় ১৪ মাস হয়ে গেছে। সেই সময় বারবার আব্বাস আলি স্ত্রীকে আনতে গেলে তাকে খালি হাতেই ফিরতে হয়েছে। তৃণমূল জামানায় তৃণমূল নেতার ভয়ে কিছুই করতে পারেনি। সরকার বদলের পর রবিবার সন্ধ্যায় তৃণমূল নেতার বাড়ি গিয়ে প্রতিবাদ করে নিজের স্ত্রীকে আনতে গেলে তাকে ধরে মারধর ও ধারালো অস্ত্র দিয়ে কোপ মারা হয় বলে অভিযোগ।' আইএসএফ কর্মী আব্বাস আলী এই ঘটনায় ফিরোজ মোল্লার কঠোরতম শাস্তির দাবি করেছে। এবং নিজের স্ত্রীকে ফিরে পেতে চাইছে। যদিও এই ঘটনায় অভিযুক্ত তৃণমূল নেতা ফিরোজ মোল্লার কোন প্রতিক্রিয়া পাওয়া যায়নি। ঘটনায় তৃণমূলকে কটাক্ষ করেছে রাজ্যের শাসক দল বিজেপির হাড়োয়া মণ্ডলের ভাইস প্রেসিডেন্ট পার্থ চ্যাটার্জি। তিনি জানান, 'প্রশাসন কোনও ব্যবস্থা না নিলে, আমাদের কাছে আসলে আমরা দলগতভাবে তার পাশে থেকে সবরকম আইনি সাহায্য দেব।'

## রাস্তা সারাইয়ের দাবিতে আগুন জ্বালিয়ে অবরোধ

**নিজস্ব প্রতিবেদন, হাসনাবাদ:** বেহাল রাস্তা সারাইয়ের দাবিতে রাস্তায় আগুন জ্বালিয়ে রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখালো টোটো ও অটো চালকদের সাথে নিত্যযাত্রীরাও। ঘটনাটি হাসনাবাদ ব্রিজ সংলগ্ন এলাকায়। বিক্ষোভকারীদের অভিযোগ, হাসনাবাদ থেকে শুলকুনি পর্যন্ত যে রাস্তা আছে সেই রাস্তা দীর্ঘ ৪-৫ বছর ধরে বেহাল দশা। এলাকার মানুষ থেকে শুরু করে নিত্যযাত্রীরা এবং গাড়ি চালকরা বহুবার স্থানীয় তৃণমূল পরিচালিত পঞ্চায়েতকে জানিয়েও কোন সূরা হয়নি। নতুন সরকারও কোন পদক্ষেপ নিচ্ছে না।

# নদীতে স্নানে নেমে আরামবাগ মৃত ২ ছাত্র

**নিজস্ব প্রতিবেদন, আরামবাগ:** আবারও দুই স্কুল ছাত্রের এক সাথে দ্বারকেশ্বর নদীর জলে ডুবে মৃত্যুর ঘটনায় শোকের ছায়া এলাকায়। স্কুল যাওয়ার নাম করে নদীতে স্নান করতে যায় তিন জন স্কুল ছাত্র। তারা তিন জনই বন্ধু। এর মধ্যে দ্বারকেশ্বরে ডুবে মৃত্যু হয় দুই ছাত্রের। আর আশঙ্কাজনক অবস্থায় আরামবাগ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে ভর্তি হয় এক বন্ধু। ঘটনাটি ঘটেছে সোমবার দুপুরে আরামবাগের কালীপুর রেল ব্রিজ সংলগ্ন দ্বারকেশ্বর নদীতে। মৃত দুই কিশোরের নাম দেবরাজ ধারা, নবম শ্রেণির ছাত্র। সে আরামবাগ সিবিএসই স্কুলের ছাত্র এবং সুমন ভক্ত, সে ক্লাস দশম শ্রেণির ছাত্র। সে আরামবাগ হাই স্কুলের ছাত্র। আশঙ্কাজনক অবস্থায় চিকিৎসাধীন শুভদীপ টুডু ক্লাস। সে সিবিএসই স্কুলের দশম শ্রেণির ছাত্র। তিনজনেরই বাড়ি আরামবাগের কোটপাড়া এলাকায়। জানা গিয়েছে, প্রবল গরমের কারণে এদিন তারা স্কুলে না গিয়ে ঘোরাঘুরি করতে বের হয়। পরে কালীপুর রেল ব্রিজ সংলগ্ন দ্বারকেশ্বর নদীর ধারে বসে ছিল তারা। একসময় দেবরাজ ও সুমন নদীতে স্নান করতে নামে। নদীতে নামার কিছুক্ষণের মধ্যেই তারা তলিয়ে যেতে শুরু করে। বন্ধুদের বাঁচাতে নদীতে ঝাঁপ দেয় শুভদীপও।

# চাষের কাজ সামলেই মানুষকে পরিষেবা দিতে অনড় মোস্তাফিজুর



**নিজস্ব প্রতিবেদন, ডোমকল:** নির্বাচনে জিতে বিধানসভার চৌকাঠ ডিঙিয়ে দলের শূন্য কাটিয়েছেন। পশ্চিমবঙ্গ বিধানসভায় সিপিএমের প্রতীকে একমাত্র জয়ী প্রার্থীও হয়েছেন তিনি। কিন্তু গা থেকে মাটির গন্ধ যায়নি। বরং বলা যেতে পারে মাটির গন্ধ মুছতে দেননি। সকাল হলেই লুঙি পড়ে গামছা কাঁধে চলে যাচ্ছেন মাঠে। একবেলা নিজের কলাবাগানে ঘাম বের করেই বাড়ি ফিরছেন ডোমকল থেকে জয়ী সিপিএম প্রার্থী মোস্তাফিজুর রহমান ওরফে রানা। 'মেহনতি মানুষের প্রতিনিধি' এই শধবন্ধ যে লাল দুর্গের সঙ্গে সেঁটে রয়েছে নিজের কর্ম দিয়েই বুঝিয়ে দিচ্ছেন ডোমকলের 'কাছের মানুষ' রানাভাই। নিজের বসত বাড়ির দরজা চব্বিশ ঘন্টা খোলা রেখেছেন। কোনও নিরাপত্তার ঘেরা টোপ নেই। চৌকাট ডিঙোতে অনুমতিরও প্রয়োজন নেই। যেকোন সমস্যায় বিধানসভার মানুষকে সাহায্য করতে কারও রাজনৈতিক রঙ দেখছেন না। মহিলাদের অন্নপূর্ণা যোজনার ফর্ম ফিলাপ করে দিচ্ছেন বাড়িতে বসেই। ডোমকলে থাকলে রোজ সকাল সন্ধ্যা চায়ের দোকানে আড্ডা দিচ্ছেন বাম বিধায়ক। একসময় মুর্শিদাবাদ জেলায় ডোমকল বিধানসভা বাম দুর্গ হিসেবেই পরিচিত ছিল। এই ডোমকল থেকে পাঁচ বারের জয়ী সিপিএম বিধায়ক আনিসুর রহমান বামফ্রন্ট সরকারের মন্ত্রীও ছিলেন। ২০২১ সালে ডোমকল থেকে প্রথমবার বিধানসভা নির্বাচনে সিপিএমের প্রতীকে প্রতিদ্বন্দ্বিতা করেন মোস্তাফিজুর রহমান। কিন্তু তৃণমূল প্রার্থী জাফিকুল ইসলামের কাছে ৪৭ হাজার ২০৫ ভোটে পরাজিত হন। জাফিকুল পেয়েছিলেন ১লক্ষ ২৭ হাজার ১৭৩ ভোট। প্রদত্ত ভোটের ৫৬.৫৪ শতাংশ। মোস্তাফিজুর রহমানের প্রাপ্ত ভোট ৭৯ হাজার ৯৬৮। শতাংশের হিসেবে ৩৫.৫৭ শতাংশ। ২০২৬ সালে ফের মোস্তাফিজুরকে টিকিট দেয় সিপিএম। তৃণমূল প্রার্থী হুমায়ুন কবীর (আইপিএস)কে ১৬ হাজার ২৯৬ ভোটে পরাজিত করে নির্বাচিত হন। মোস্তাফিজুরের প্রাপ্ত ভোট ১লক্ষ ৭ হাজার ৮৮২। পাঁচ বছর পর ফের ডোমকল সিপিএমের দখলে আসে। শুধু তাই নয় ২০২৬ এর বিধানসভা নির্বাচনে সিপিএমের প্রতীকে একমাত্র জয়ী প্রার্থী হন তিনিই। মোস্তাফিজুর ডোমকল শুধু পুনরুদ্ধার করেছেন তাই নয়। একমাসেই মানুষের মনেও জায়গা করে নিয়েছেন। বিধায়কের সাহায্য নিতে এসে কেউ হতাশ হচ্ছেন না। ডোমকলে থাকলে বাড়িতে, চায়ের দোকানে দেখা মিলছে। বিধায়কের কাছে এসেছিলেন মিলন শেখ। তিনি বলেন, 'কোনও বাধা নেই। দেখা করলাম। সমস্যার কথা বললাম। স্থানীয় বিধায়ক পেয়ে আমরা খুশি।' গাজি রহমান বলেন, 'আগের সরকারের আমলে ডোমকল বোমকল হয়ে উঠেছিল। এবার শান্তি ফিরবে। আমরা খুশি।' বাম বিধায়ক মোস্তাফিজুর রহমান বলেন, 'চব্বিশ ঘণ্টা রাজনীতি করি। পৈতৃক কিছু জমি আছে। শ্রমিক দিয়ে কাজ করাই। নিজেও কৃষি কাজে হাত লাগাই। জনগণের দ্বারা নির্বাচিত প্রতিনিধি আমি। তাই জনগণের পাশে থাকায় আমার দায়িত্ব কর্তব্যের মধ্যে পড়ে।'

**ফর্ম নং ইউআরসি-২**

**আইনের XXI অধ্যায়ের পার্ট ১-এর অধীনে নিবন্ধনের বিষয়ে বিজ্ঞপ্তি প্রদানকারী বিজ্ঞাপন**

**[কোম্পানি আইন, ২০১৩-এর সেকশন ৩৭৪(খ) এবং কোম্পানি (নিবন্ধনের জন্য অনুমোদিত) বিধিমালা, ২০১৪-এর বিধি ৪(১) অনুসারে]**

১. এতদ্বারা নোটিশ দেওয়া যাচ্ছে যে, কোম্পানি আইন, ২০১৩-এর সেকশন ৩৬৬-এর সাব- সেকশন (২) অনুসারে, এই বিজ্ঞপ্তির পনেরো দিন পরে কিন্তু ত্রিশ দিন অতিক্রান্ত হওয়ার আগে, সেন্ট্রাল রেজিস্ট্রেশন সেন্টার (সিআরসি), ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ কর্পোরেট অ্যাফেয়ার্স (আইআইসিএ), প্লট নং ৬, ৭, ৮, সেক্টর ৫, আইএমটি মানেসার, জেলা গুরগাঁও (হরিয়ানা), পিনকোড- ১২২০৫০-এ অবস্থিত নিবন্ধকের কাছে একটি আবেদন করার প্রস্তাব করা হয়েছে যাতে মেসার্স ভিজিপিএল নেভিগেশন এলএলপি (LLPIN AAK 7055), একটি সীমিত দায়বদ্ধতা অংশীদারি প্রতিষ্ঠানকে কোম্পানি আইন, ২০১৩-এর XXI অধ্যায়ের পার্ট ১-এর অধীনে শেয়ার দ্বারা সীমিত একটি কোম্পানি হিসেবে নিবন্ধন করা যায়।

২. কোম্পানির প্রধান উদ্দেশ্যসমূহ নিচে দেওয়া হলো-

এই কোম্পানিটি মেসার্স ভিজিপিএল নেভিগেশন এলএলপি-র রূপান্তরের ভিত্তিতে গঠিত হচ্ছে, যার নিবন্ধিত কার্যালয় হলো ইউএনএফ-২৬, ২য় তলা, উন্নয়ন কমার্শিয়াল কমপ্লেক্স, ১০৫০/১, সার্ভে পার্ক, সন্তোষপুর, কলকাতা- ৭০০০৭৫, পশ্চিমবঙ্গ, ভারত এবং এর ব্যবসা, এর সমস্ত সম্পদ, দায়, অধিকার, লাইসেন্স, বাধ্যবাধকতা এবং সম্পত্তি সহ এনটাইটেলমেন্টগুলি একটি চলমান ব্যবসা হিসেবে কোম্পানিতে স্থানান্তরিত এবং ন্যস্ত হচ্ছে।

শিপিং এবং অন্যান্য শিল্প জুড়ে ভারত এবং আন্তর্জাতিকভাবে, আইটি-সক্ষম পরিষেবাগুলি যেমন ব্যাক-অফিস সমর্থন, ওয়েব সমর্থন, আর্থিক এবং ব্যবসায়িক বিশ্লেষণ, বাজার গবেষণা, অ্যাকাউন্টিং, পেরোল, ইনভেন্টরি ম্যানেজমেন্ট, কাস্টমার রিলেশনশিপ ম্যানেজমেন্ট, শিপিং এবং লজিস্টিক সাপোর্ট সহ সমস্ত প্রক্রিয়া, উপ-প্রক্রিয়া, লেনদেন এবং ব্যবসায়িক কার্যকলাপ সহ আউটসোর্সিং পরিষেবা প্রদানের ব্যবসা পরিচালনা করা এবং বিশেষ বিশ্লেষণাত্মক দক্ষতা এবং শিল্পের দক্ষতা প্রয়োজন এমন পরামর্শ এবং ডোমেন-ভিত্তিক পরিষেবা প্রদান করা।

৩. প্রস্তাবিত কোম্পানির খসড়া মেমোরেন্ডাম এবং আর্টিকলস অফ অ্যাসোসিয়েশন-এর একটি কপি ইউএনএফ-২৬, ২য় ফ্লোর, উন্নয়ন কমার্শিয়াল কমপ্লেক্স, ১০৫০/১, সার্ভে পার্ক, সন্তোষপুর, কলকাতা-৭০০০৭৫, পশ্চিমবঙ্গ, ভারত-এ অবস্থিত অফিসে কাজের দিনগুলিতে সকাল ১০.০০ টা থেকে দুপুর ০২.০০ টার মধ্যে পরিদর্শন করা যেতে পারে।

৪. এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, এই আবেদনে আপত্তিকারী কোনো ব্যক্তি এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ২১ (একুশ) দিনের মধ্যে সেন্ট্রাল রেজিস্ট্রেশন সেন্টার (সিআরসি), ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ কর্পোরেট অ্যাফেয়ার্স (আইআইসিএ), প্লট নং ৬, ৭, ৮, সেক্টর ৫, আইএমটি মানেসার, জেলা গুরগাঁও (হরিয়ানা), পিন কোড- ১২২০৫০-এ অবস্থিত নিবন্ধকের কাছে লিখিতভাবে তাদের আপত্তি জানাতে পারেন, যার একটি অনুলিপি কোম্পানির নিবন্ধিত কার্যালয়ে পাঠাতে হবে।

**ভিজিপিএল নেভিগেশন এলএলপি-এর পক্ষে ও নিমিত্তে**
স্বা/-
কল্যাণ ব্যানার্জী
মনোনীত অংশীদার
DPIN: 05128654

তারিখ: ১৬.০৬.২০২৬
স্থান: কলকাতা

**শ্রেণীবদ্ধ বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-মোঃ ৯৮৩১৯১৯৭৯১**

**কেন্দ্রীয় সরকার,**
**কোম্পানি রেজিস্ট্রার, কলকাতা সমীপে**

সংশ্লিষ্ট **আইশী ভিনট্রেড এলএলপি** এবং ২০০৯ সালের লিমিটেড লায়াবিলিটি পার্টনারশিপ রুলসের রুল ১৭ এবং ধারা ১৩(৩) বিষয় সম্পর্কিত- রেজিস্টার্ড অফিস সন্দীপ অ্যাপার্টমেন্ট ৩ আরডি-এফআর, এফএল -০৬, ৭৯এ, শ্যামাপ্রসাদ মুখার্জি, কালীঘাট, কলকাতা, পশ্চিমবঙ্গ ৭০০০২৬

এতদ্বারা সাধারণের অবগতির জন্য বিজ্ঞাপিত হচ্ছে যে, রেজিস্টার্ড অফিস আরওসি কলকাতা অধিক্ষেত্র অধীন ''পশ্চিমবঙ্গ'' রাজ্য থেকে আরওসি ব্যাঙ্গালোর অধিক্ষেত্র অধীন 'কর্নাটক' রাজ্যে স্থানান্তর জন্য ২০০৮ সালের লিমিটেড লায়াবিলিটি পার্টনারশিপ আইনের ধারা ১৩(৩) অধীনে কোম্পানি রেজিস্ট্রার , কলকাতা এর নিকট এলএলপি এক আবেদন দাখিলের প্রস্তাব করছে।

যেকোনও ব্যক্তির এলএলপি এর রেজিস্টার্ড অফিস প্রস্তাবিত পরিবর্তনের ফলে স্বার্থ ক্ষুন্ন হওয়ার আশঙ্কা থাকলে স্বয়ং বা রেজিস্টার্ড ডাকে হলফনামা দ্বারা সমর্থিত মতে স্বার্থের ধরন এবং আপত্তির কারণ সম্বলিত নোটিশ বিজ্ঞপ্তি প্রকাশের ২১(একুশ) দিনের মধ্যে **কোম্পানি রেজিস্ট্রার, কলকাতা** সমীপে এবং একটি কপি আবেদনকারী এলএলপির রেজিস্টার্ড অফিসে উক্ত ঠিকানায় পাঠাতে পারেন।

**আইশী ভিনট্রেড এলএলপি এর পক্ষে**
**স্বা/-**
**জ্যোতি কাঁদোই**
(ডেজিগনেটেড পার্টনার)
ডিপিআইএন : ০৮৯৪৮৮১৬

তারিখ : ১৬.০৬.২০২৬
স্থান : কলকাতা

**কেন্দ্রীয় সরকার,**
**কোম্পানি রেজিস্ট্রার, কলকাতা সমীপে**

সংশ্লিষ্ট **ইন্দুজা কমোসেলস এলএলপি** এবং ২০০৯ সালের লিমিটেড লায়াবিলিটি পার্টনারশিপ রুলসের রুল ১৭ এবং ধারা ১৩(৩) বিষয় সম্পর্কিত- রেজিস্টার্ড অফিস সন্দীপ অ্যাপার্টমেন্ট ৩ আরডি-এফআর, এফএল -০৬, ৭৯এ, শ্যামাপ্রসাদ মুখার্জি, কালীঘাট, কলকাতা , পশ্চিমবঙ্গ ৭০০০২৬

এতদ্বারা সাধারণের অবগতির জন্য বিজ্ঞাপিত হচ্ছে যে, রেজিস্টার্ড অফিস আরওসি কলকাতা অধিক্ষেত্র অধীন ''পশ্চিমবঙ্গ'' রাজ্য থেকে আরওসি ব্যাঙ্গালোর অধিক্ষেত্র অধীন 'কর্নাটক' রাজ্যে স্থানান্তর জন্য ২০০৮ সালের লিমিটেড লায়াবিলিটি পার্টনারশিপ আইনের ধারা ১৩(৩) অধীনে কোম্পানি রেজিস্ট্রার, কলকাতা এর নিকট এলএলপি এক আবেদন দাখিলের প্রস্তাব করছে।

যেকোনও ব্যক্তির এলএলপি এর রেজিস্টার্ড অফিস প্রস্তাবিত পরিবর্তনের ফলে স্বার্থ ক্ষুন্ন হওয়ার আশঙ্কা থাকলে স্বয়ং বা রেজিস্টার্ড ডাকে হলফনামা দ্বারা সমর্থিত মতে স্বার্থের ধরন এবং আপত্তির কারণ সম্বলিত নোটিশ বিজ্ঞপ্তি প্রকাশের ২১(একুশ) দিনের মধ্যে **কোম্পানি রেজিস্ট্রার, কলকাতা** সমীপে এবং একটি কপি আবেদনকারী এলএলপির রেজিস্টার্ড অফিসে উক্ত ঠিকানায় পাঠাতে পারেন।

**ইন্দুজা কমোসেলস এলএলপি এর পক্ষে**
**স্বা/-**
**নরান্দর কাঁদোই**
(ডেজিগনেটেড পার্টনার)
ডিপিআইএন : ০৮৯০৮৫১৬

তারিখ : ১৬.০৬.২০২৬
স্থান : কলকাতা

**শালিমার ওয়ারস ইন্ডাস্ট্রিজ লি.**
**CIN : L74140WB1996PLC081521**
**রেজিস্টার্ড অফিস** : ২৫, গণেশ চন্দ্র এভিনিউ, কলকাতা - ৭০০০১৩
**ফোন** : ৯১-৩৩-২২৩৪৯৩০৮/০৯/১০, **ফ্যাক্স** - ৯১-৩৩-২২১১ ৬৮৮০
**ই-মেল আইডি** : secretarial@shalimarwires.com
**ওয়েবসাইট** : www.shalimarwires.com

**ফিজিক্যাল শেয়ার হস্তান্তরের অনুরোধ পুনরায় জমা দেওয়ার জন্য বিশেষ ব্যবস্থা সংক্রান্ত শেয়ারহোল্ডারদের প্রতি বিজ্ঞপ্তি**

২ জুলাই, ২০২৫ তারিখের সেবি সার্কুলার নং SEBI/HO/MIRSD/MIRSD-POD/P/CIR/2025/97 এবং ৩০ জানুয়ারি, ২০২৬ তারিখের সার্কুলার নং SEBI/HO/38/13/11(2)2026-MIRSD-POD/I/3750/2026-এর পরিপ্রেক্ষিতে, কোম্পানির সকল শেয়ারহোল্ডারকে জানানো যাচ্ছে যে, ফিজিক্যাল শেয়ার হস্তান্তরের আবেদন পুনরায় জমা দেওয়ার জন্য একটি 'বিশেষ উইন্ডো' খোলা হয়েছে। এই সুবিধাটি ৫ ফেব্রুয়ারি, ২০২৬ থেকে ৪ ফেব্রুয়ারি, ২০২৭ পর্যন্ত; অর্থাৎ এক বছরের জন্য কার্যকর থাকবে। এই সুযোগটি সেইসব আবেদনের ক্ষেত্রে প্রযোজ্য যা ১ এপ্রিল, ২০১৯-এর সময়সীমার আগে জমা দেওয়া হয়েছিল এবং নথিপত্র বা প্রক্রিয়াজনিত ত্রুটি কিংবা অন্য কোনো কারণে তা প্রত্যাখ্যান বা ফেরত পাঠানো হয়েছিল অথবা যার ওপর কোনো পদক্ষেপ নেওয়া হয়নি। যেসব বিনিয়োগকারী ৩১ মার্চ, ২০২১ (হস্তান্তর দলিল পুনরায় জমা দেওয়ার চূড়ান্ত সময়সীমা বা 'কাট-অফ ডেট') এবং ৬ জানুয়ারি, ২০২৬-এর সময়সীমা অতিক্রম করেছেন, তাঁদের এই সুযোগটি কাজে লাগানোর জন্য অনুরোধ করা হচ্ছে। এর জন্য প্রয়োজনীয় নথিপত্র কোম্পানির রেজিস্ট্রার এবং ট্রান্সফার এজেন্ট; মহেশ্বরী ডেটামেটিক্স প্রা. লি. ২৩, আর. এন. মুখার্জি রোড, ৬ষ্ঠ তল, কলকাতা - ৭০০০০১ ঠিকানায় জমা দিতে হবে।

এই বিষয়ে শেয়ারহোল্ডারদের কোনো জিজ্ঞাসা থাকলে তাঁরা কোম্পানির নিবন্ধিত কার্যালয়ে চিঠি পাঠিয়ে অথবা kejriwal@shalimarwires.com-এ ইমেল করে কোম্পানি সচিবের সাথে যোগাযোগ করতে পারেন।

**শালিমার ওয়্যারস ইন্ডাস্ট্রিজ লি.** -এর পক্ষে
এস. কে. কেজরিওয়াল
কোম্পানি সেক্রেটারি
এসিএস ১০০৩১

স্থান : কলকাতা
তারিখ : ১৫ জুন, ২০২৬

**ডব্লিউপিআইএল লিমিটেড**
**CIN : L36900WB1952PLC020274**
**রেজি. অফিস : গদরেজ জেনেসিস, অফিস নং ১৪০৪, ১৫তম তল**
**সল্টলেক, সেক্টর ৫, কলকাতা - ৭০০০৯১**
**ফোন : +৯১ ০৩৩ ৪০৫২ ৬০০০**
**ইমেল : uchakravarty@wpil.co.inওয়েবসাইট : www.wpil.co.in**

**শেয়ার হস্তান্তর অনুরোধের নতুন নথিভুক্তি/ পুনরায় নথিভুক্তির জন্য বিশেষ ব্যবস্থা**

সেবি সার্কুলার নং এইচও/৩৮/১৩/১১(২)২০২৬- এমআইআরএসডি- পিওডি/১/৩৭৫০/২০২৬ তারিখ ৩০ জানুয়ারি ২০২৬ অনুযায়ী কোম্পানিকে শেয়ার হস্তান্তরের অনুরোধ এর নতুন নথিভুক্তি/পুনরায় নথিভুক্তির জন্য বিশেষ সুবিধা প্রদান করা হয়েছে। বিশেষ ব্যবস্থা ৯ ফেব্রুয়ারি ২০২৬ থেকে ৮ ফেব্রুয়ারি ২০২৭ পর্যন্ত কার্যকর থাকবে কেবল ১ এপ্রিল ২০১৯ তারিখের পূর্বে দাখিল করা হয়েছিল হস্তান্তর অনুরোধ করে এবং যেগুলি ১ এপ্রিল ২০১৯ এর পূর্বে দাখিলকৃত না হয়ে থাকলেও এবং মূল শেয়ার সার্টিফিকেট এর জন্য সুবিধা পাওয়া যাবে। উপযুক্ত শেয়ারহোল্ডারগণ শেয়ার হস্তান্তর অনুরোধ প্রয়োজনীয় নথি সহ কোম্পানির রেজিস্ট্রার এবং শেয়ার ট্রান্সফার এজেন্ট (আরটিএ) এমসিএস শেয়ার ট্রান্সফার এজেন্ট লিমিটেড, ৩৮৩, লেক গার্ডেনস, ২য়তল, কলকাতা ৭০০০৪৫ এর নিকট পাঠাতে পারেন।

অনুগ্রহ করে অবগত হোন যে সংশ্লিষ্ট শেয়ারসমূহ বাধ্যতামূলকভাবে অধিগ্রহণকারীর নিকট কেবল ডিমাট আকারেই জমা হবে এবং হস্তান্তর নথিভুক্তির তারিখ থেকে এক বছরের জন্য লক ইন মেয়াদে থাকবে। সংশ্লিষ্ট শেয়ারসমূহ হস্তান্তর/লিয়েন মার্কড/দায়বদ্ধ করা যাবে সংশ্লিষ্ট লক ইন মেয়াদের সময়ে।

**সক্ষম নিবেশক- দ্বিতীয় ১০০ দিনের অভিযান - আইইপিএফ কর্তৃপক্ষের তরফে**

ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড অথরিটি দ্বিতীয় ১০০ দিনের ''সক্ষম নিবেশক'' প্রচারাভিযানের উদ্যোগ গ্রহণ করেছে ১ এপ্রিল ২০২৬ থেকে ৯ জুলাই ২০২৬ তারিখ পর্যন্ত যেসকল শেয়ারহোল্ডার যাদের ডিভিডেন্ড(সমূহ) অপ্রদেয়/অদাবিকৃত এবং আপনার গ্রাহককে জানুন (কেওয়াইসি)/অন্যান্য বিস্তারিত এখনও হালনাগাদ করেননি তাদের সচেতনতার জন্য।

এর সঙ্গে কোম্পানির শেয়ারহোল্ডারগণ ডিভিডেন্ড অপ্রদেয়/অদাবিকৃত বা কেওয়াইসি বিস্তারিত হালনাগাদ নেই তাদের অনুরোধ করা হচ্ছে কোম্পানির আরটিএ এর নিকট উল্লিখিত ঠিকানায় জানাতে। বিকল্পভাবে, স্বাক্ষর করা নথিগুলি ইমেল করতে হালনাগাদ করা আরটিএ এর ইমেল আইডি - 'mcssta2012@gmail.com' পাঠাতে পারেন।

**ডব্লুপিআইএল লিমিটেডের পক্ষে**
**স্বা/-**
**ইউ চক্রবর্তী**
**জেনারেল ম্যানেজার (ফিনান্স)**
**এবং কোম্পানি সেক্রেটারি**

**স্থান : কলকাতা**
**তারিখ : ১৫ জুন ২০২৬**

**ফর্ম জি**
**উইজ লগটেক ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড-এর জন্য আগ্রহ প্রকাশক ডাক আহ্বান**
**চেন্নাই, বেঙ্গালুরু, মুম্বই, এরনাকুলম, কানপুর, দিল্লি, গুরুগ্রাম, কলকাতায়**
**মাল পরিবণ এবং ফরওয়ার্ডিং**
**(২০১৬ সালের ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপ্টসি বোর্ড অফ ইন্ডিয়া (ইনসলভেন্সি রেজলিউশন প্রসেস ফর কর্পোরেট পার্সেনস) রেগুলেশনসের রেগুলেশন ৩৬এ-এর সাব-রেগুলেশন (১) অধীনে)**

| সংশ্লিষ্ট বিস্তারিত | | |
|---|---|---|
| ১. | প্যান এবং সিন/এলএলপি নং সহ কর্পোরেট ডেটরের নাম | **মেসার্স উইজ লগটেক ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড** CIN: U61100TN2001PTC046793 |
| ২. | রেজিস্টার্ড অফিসের ঠিকানা | রেজি ঠিকানা এবং মূল ঠিকানা : নং ৫৬/৫৭ ৪র্থ তল, রাজাজি সালাই, চেন্নাই, তামিলনাড়ু, ভারত ৬০০০০১ ব্যবসার অতিরিক্ত স্থান (জিএসটিআইএন অনুযায়ী) ১. চেন্নাই ২. বেঙ্গালুরু ৩. মুম্বই ৪. এরনাকুলম ৫. কানপুর ৬. দিল্লি ৭. গুরুগ্রাম ৮. কলকাতা কর্পোরেট ঋণগ্রহীতা উল্লিখিত ক্ষেত্রগুলিতে ব্যবসা বন্ধ করে দিয়েছে |
| ৩. | ওয়েবসাইটের ইউআরএল | প্রযোজ্য নয় |
| ৪. | যেখানে অধিকাংশ স্থায়ী সম্পদ অবস্থিত তার বিস্তারিত | নং ৫৬/৫৭, ৪র্থ তল, রাজাজি সালাই, চেন্নাই, তামিলনাড়ু ভারত ৬০০০০১ |
| ৫. | প্রধান পণ্য/পরিষেবা উৎপাদন ক্ষমতা | প্রযোজ্য নয় |
| ৬. | বিগত আর্থিক বর্ষে প্রধান পণ্য/ পরিষেবা বিক্রির পরিমাণ এবং মূল্য | প্রযোজ্য নয় |
| ৭. | কর্মী/কাজের লোকের সংখ্যা | ১০২ |
| ৮. | বিগত দুই বছরের, বিনিয়োগকারীগণের তালিকা, প্রক্রিয়াগত সংশ্লিষ্ট ঘটনা (শিডিউলড সহ) প্রাপ্ত আর্থিক প্রতিবেদন সহ পরবর্তী ইউআরএল প্রাপ্ত : | https://tinyurl.com/y8d75dak |
| ৯. | প্রস্তাবক আবেদনকারীগণের যোগ্যতার বিষয় পাওয়া যাবে সংশ্লিষ্ট কোডের ধারা ২৫(২)(এইচ) অধীনে ইউআরএল প্রাপ্ত | https://tinyurl.com/ycx5bzwn |
| ১০. | আগ্রহ প্রকাশক আহ্বান গ্রহণের শেষ তারিখ | ০১.০৭.২০২৬ |
| ১১. | সম্ভাব্য প্রস্তাবক আবেদনকারীগণের সাময়িক তালিকা ইস্যুর তারিখ | ১১.০৭.২০২৬ |
| ১২. | সাময়িক তালিকার বিষয়ে আপত্তি দাখিলের শেষ তারিখ | ১৬.০৭.২০২৬ |
| ১৩. | সম্ভাব্য প্রস্তাব আবেদনকারীগণের চূড়ান্ত তালিকা ইস্যুর তারিখ | ২৬.০৭.২০২৬ |
| ১৪. | মেমোর‍্যান্ডাম, মূল্যায়ণ ম্যাট্রিক্স এবং প্রস্তাব পরিকল্পনা অনুরোধ ইস্যুর তারিখ | ৩১.০৭.২০২৬ |
| ১৫. | রেজোলিউশন প্ল্যান জমা দেওয়ার শেষ তারিখ | ৩০.০৮.২০২৬ |
| ১৬. | ইওআই দাখিলের প্রক্রিয়া ইমেল আইডি | wizlogtechptltd.ibc@gmail.com |
| ১৭. | কর্পোরেট ডেটরের এমএসএমই হিসেবে রেজিস্ট্রেশন স্ট্যাটাসের বিস্তারিত | UDYAM-TN-02-0049488 |

স্বা/-
**আর. ভেঙ্কটাকৃষ্ণান**
**প্রস্তাব পেশাদার**
IBBI/IPA-001/IP-P00115/2017-18/10250
রাজপরিস ত্রিমেনি টাওয়ারস, ২য় তল, ১৪৭, জি এন চেট্টি রোড, চেন্নাই - ৬০০ ০১৭
যোগাযোগ নম্বর - ৯৮৪০৮১৩৯১৮
উইজ লগটেক ইন্ডিয়া প্রাইভেট লিমিটেডের পক্ষে
তারিখ : চেন্নাই | স্থান : ১৫.০৬.২০২৬

EKDIN 16.06.2026 PAGE 8 TARGET_Layout 1 6/15/2026 10:23 PM Page 1







টার্গেট

মঙ্গলবার ● ১৬ জুন ২০২৬ ● পেজ ৮

## এবার শিল্পের খরা কাটতে চলেছে রাজ্যে!

# ৬০০ কোটি ব্যয়ে হাওড়ায় বিশ্বের বৃহত্তম দই কারখানা খুলছে আমুল

বড় শিল্পের খরা কাটতে চলেছে রাজ্যে! ৬০০ কোটির মেগা প্রকল্প হাওড়ায়। পশ্চিমবঙ্গে বিশ্বের বৃহত্তম দই কারখানা তৈরি করতে চলেছে আমুল। বৃহৎ প্রকল্পের ফলে জেলায় প্রচুর কর্মসংস্থান হওয়ার সম্ভাবনা রয়েছে। প্রকল্পটি তৈরি হতে চলেছে হাওড়ার সাঁকরাইল ফুড পার্কে।

কলকাতা থেকে মাত্র ২৫-৩৫ কিলোমিটার দূরত্বে ১৬ নম্বর জাতীয় সড়ক সংলগ্ন সাঁকরাইল ফুড পার্কে এই কারখানা গড়ে তোলা হচ্ছে। জানা গিয়েছে, এই কারখানা থেকে ১০ লক্ষ কিলোগ্রাম দই, লস্যি, ঘোল উৎপাদন হবে বলে। আমুল দেশের মধ্যে সর্ববৃহৎ এবং নির্ভ যোগ্য একটি ব্র্যান্ড। অমূলের বৃহৎ প্রজেক্ট তৈরি হওয়াকে কেন্দ্র করে জেলার সাধারণ মানুষও দারুণ উচ্ছ্বসিত এবং নতুন কর্মসংস্থানের দিক থেকে আশাবাদী।




দুধ উৎপাদনে দেশে সর্বোচ্চ স্থানে আমূল। ১৯৪৬ সালে আনন্দ মিল্ক ইউনিয়ন লিমিটেড (AMUL)। কোম্পানির হাত ধরে দেশের বড় অংশের গোয়ালারা উপকৃত হচ্ছে। নতুন প্রজেক্টের মাধ্যমে হাওড়া জেলায় বড় কর্মসংস্থানের সুযোগ সেই সঙ্গে পশ্চিমবঙ্গের বড় অংশের গোয়ালা উপকৃত হবে।

২০২৫-২৬ অর্থবর্ষে আমুলের মোট টার্নওভার ১১ শতাংশ বৃদ্ধি পেয়ে ১ লক্ষ কোটি টাকার মাইলফলক অতিক্রম করেছে। আমুল ব্র্যান্ডের অধীনে দুগ্ধজাত পণ্য বিক্রয় করে। গুজরাট কো-অপারেটিভ মিল্ক মার্কেটিং ফেডারেশন (জিসিএমএমএফ)। গত অর্থবর্ষে জিসিএমএমএফ-এর টার্নওভার ১১.৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ৭৩,৪৫০ কোটি টাকায় দাঁড়িয়েছে, যা তার পূর্ববর্তী অর্থবর্ষে ছিল ৬৫,৯১১ কোটি টাকা। জিসিএমএমএফ বিশ্বের বৃহত্তম কৃষক-মালিকানাধীন দুগ্ধ সমবায়। এটি ৩৬ লক্ষ কৃষকের সমন্বয়ে গঠিত এবং ৫০টিরও বেশি দেশে আমুল দুধ ও দুগ্ধজাত পণ্য বিপণনের দায়িত্বে রয়েছে। এটি প্রতিদিন ৩ কোটি ১০ লক্ষ লিটার দুধ সংগ্রহ করে।

বছরে ২৪০০ কোটিরও বেশি আমুল পণ্যের প্যাকেট বিতরণ করে। যার মধ্যে দুধ, মাখন, পনির, ঘি এবং আইসক্রিম ইত্যাদি রয়েছে।

# শিশুর সেন্টিমেন্ট, বাস্তবজীবনে তার গুরুত্ব ও প্রয়োজনীয়তা

**ডাঃ শামসুল হক**

সেন্টিমেন্ট হল একটা ইংরেজী শব্দ। তার বাংলা অর্থ দাঁড়ায় নির্দিষ্ট কোন বিষয়সমূহ সহ ঘটমান পরিস্থিতির উপর মানুষের গভীর অনুভূতির ই একটা বহির্প্রকাশ মাত্র। সোজা কথায় বলা যেতে পারে, মানুষের তাৎক্ষণিক চিন্তা এবং আবেগের একটা যৌথ প্রকাশের ই নাম হল সেন্টিমেন্ট। সকলের ক্ষেত্রে তার পরিমাপ ও আবার সমান হয় না। সেটা আবার অনেকক্ষেত্রে নির্ভর করে তার ব্যক্তিগত আবেগ বা চিন্তাভাবনার ই উপর।

একটা শিশু যখন একটু একটু করে বড় হতে থাকে তখন একটু একটু করে প্রকাশ পেতে থাকে তার অনুভূতির ছটাও। একসময় আবার সেই বোধ ই তাকে মুখোমুখি করে হরেক ধরণের প্রশ্নমালারও। তারপর সেই প্রশ্নের উত্তর ও সে খুঁজতে চায় নিজের মনের কাছে। সেন্টিমেন্টের চমকপ্রদ কিছু সুড়সুড়ি তখন তাকে ভীষণভাবে ভাবিত ও করে তোলে । সেইসময় ই আবার তার মনের মাধ্যে উঁকি দিতে পারে নানান ধরণের জিজ্ঞাসাও। বলাই বাহুল্য, সেন্টিমেন্টের শুরুর সময় কিন্তু সেটাই। বিশ্বের বিভিন্ন প্রান্তের গুণীজনেরা সেন্টিমেন্ট নামক এই অনুভূতিকে আবার গুরুত্ব দিয়েছেন সবার আগে। তাঁদের তালিকা থেকে বাদ যায়নি শিশুরাও । তাঁরা মনে করেন , একটা শিশুর ব্যক্তিসত্তা গঠনের ক্ষেত্রে এই সেন্টিমেন্ট ই হল তার অন্যতম একটা অবলম্বনও।

একটা শিশুর বয়স যত বাড়তে থাকে উত্তোরত্তর ভাবে বাড়তে থাকে তার সেন্টিমেন্টের মাত্রাও। আর সেই ব্যাপারে তার শিক্ষার প্রধান কেন্দ্রভূমি হলেন তার বাবা মা এবং অন্যান্য আপনজনেরা। অবশ্য তার শিক্ষক, সহপাঠী বা খেলার সঙ্গীদের ভূমিকাও কম নয়। সুতরাং একটা শিশু বিশেষ কোন ধরণের মানসিক শক্তির অধিকারী হয়ে উঠবে সেটা তার দৈনন্দিন পরিক্রমার উপর যে পুরোপুরিভাবেই নির্ভরশীল সেটা স্বীকার করেন বিশেষজ্ঞরাও।

আমরা সকলেই জানি যে, একটা শিশুর বেড়ে ওঠার সঙ্গে সমতা রক্ষা করেই সমান এবং সমান্তরালভাবে গড়ে উঠতে থাকে তার নৈতিক সেন্টিমেন্টের ভিতটাও। কিন্তু বিশেষজ্ঞদের মতামত অনুযায়ী সেটা সবার ক্ষেত্রেই সমান না হলেও সেটা তাদের ব্যক্তিসত্তাকে সুনিয়ন্ত্রিত রাখার পক্ষে সহায়ক হয়ে উঠতেই পারে। আর সেটাকে কেন্দ্র করেই গঠিত হয় তাদের মানসিক বিকাশ এবং মানবিকতার ধারাও। তার উপর ই আবার নির্ভর করে তাদের ভালো লাগা বা ভাল থাকাও । শুধু তাই নয় , খারাপ থাকার ইঙ্গিত ও কিন্তু অনেকটাই নির্ভর করে সেই অনুভূতির স্পর্শ।

এই আত্মবোধের গুরুত্ব যে সত্যিই অপরিসীম সেটা স্বীকার করে নিয়েছেন সকলেই। দিন যত সামনের দিকে এগিয়ে চলে, পাশাপাশি জীবনের প্রতিটি পদক্ষেপে যখন মেলে পরিপূর্ণতার ই ছোঁয়া, ঠিক তখনই জীবনের সবটুকু উত্তাপ শোষণ করার জন্য উদগ্রীব হয়ে ওঠেন সকলে। মনে রাখা প্রয়োজন যে, সেই মুহূর্তে সবকিছুকেই নিয়ন্ত্রণ করে সেই আত্মবোধই।

এই এত কথা বলার প্রয়োজন এই কারণেই যে, একটা শিশুর মানুষের মতো মানুষ হয়ে ওঠার প্রয়োজনে এবং সেইসঙ্গে জনমানসে নিজ নিজ প্রভাব বিস্তারের জন্য এই সেন্টিমেন্ট টাই হয়ে ওঠে অতি প্রয়োজনীয় একটা অবলম্বনও।

# বড় চমক! হোয়াটসঅ্যাপে শিডিউল করা যাবে মেসেজ

**নিজস্ব প্রতিবেদন:** মেসেজে কথা বলার জন্য এখন সবার পছন্দের অ্যাপ হোয়াটসঅ্যাপ। বিশ্বজুড়ে লক্ষ লক্ষ মানুষ হোয়াটসঅ্যাপ ব্যবহার করেন। খুব তাড়াতাড়িই এই জনপ্রিয় মেসেজিং অ্যাপে বড় পরিবর্তন আসতে চলেছে। এবার শুধু তৎক্ষণাৎ মেসেজই নয়, ব্যবহারকারীরা চাইলে মেসেজ শিডিউলও করে রাখতে পারবেন। হোয়াটসঅ্যাপ ব্যবহারকারীদের জন্য নতুন ফিচার চালু করতে চলেছে। বহু প্রতীক্ষিত 'শিডিউলড মেসেজে' ফিচারটি চালু করা হবে শীঘ্রই। এর মাধ্যমে হোয়াটসঅ্যাপ ব্যবহারকারীরা নিজেদের পছন্দমতো তারিখ ও সময়ে মেসেজ পাঠাতে পারবেন। বর্তমানে এই ফিচারটি বর্তমানে শুধুমাত্র আইফোন ব্যবহারকারীদের জন্য উপলব্ধ রয়েছে। শোনা যাচ্ছে, এই ফিচারটি শীঘ্রই অ্যান্ড্রয়েড ব্যবহারকারীদের জন্যও চালু করা হবে। এই ফিচারের মাধ্যমে ব্যবহারকারীরা নিজেদের পছন্দমতো তারিখ ও সময়ে মেসেজ পাঠাতে পারবেন। জন্মদিনের শুভেচ্ছা, অফিসের গুরুত্বপূর্ণ অনুষ্ঠানের রিমাইন্ডার বা জরুরি মেসেজ ভুলে না গিয়ে আগে থেকেই পাঠিয়ে রাখা যাবে। এতে শেষ মুহূর্তের সমস্যা এড়ানো যাবে। কীভাবে চালু করবেন এই ফিচার?

এর জন্য সেটিংসে যাওয়ার কোনও প্রয়োজন পড়বে না। সরাসরি চ্যাট থেকেই মেসেজ শিডিউল করতে পারবেন ব্যবহারকারীরা। WABetaInfo-র তথ্য অনুযায়ী, হোয়াটসঅ্যাপ ব্যবহারকারীদের সরাসরি চ্যাট উইন্ডো-তে এই নতুন শিডিউলিং ফিচারটি থাকবে। যে বার্তা বা মেসেজ পাঠাতে চান, তা টাইপ করে 'সেন্ড' বোতামটি দীর্ঘক্ষণ চেপে ধরলে, মেসেজ কখন পাঠানো হবে, তার তারিখ ও সময় নির্দিষ্ট করে রাখার অপশন দেখা যাবে।

বর্তমানে কিছু ব্যবহারকারী এই ফিচারটি ব্যবহার করার জন্য অ্যাপল শর্টকাট এবং থার্ড-পার্টি অ্যাপ ব্যবহার করছেন। তবে এটি ব্যবহারকারীর গোপনীয়তার ক্ষেত্রে ঝুঁকি তৈরি করতে পারে। এখন এই ফিচারটি সরাসরি হোয়াটসঅ্যাপের মধ্যেই চালু হওয়ায়, এতে ব্যবহারকারীদের সুবিধা হবে।

### কতদিন মেসেজ শিডিউল করা যাবে?

এই শিডিউল মেসেজ আলাদাভাবেও পাঠানো যাবে। এর জন্য হোয়াটসঅ্যাপে একটি সেকশন থাকবে। এতে মেসেজ পাঠানোর জন্য একটি তালিকা তৈরি করা হয়। এতে পাঠানোর তারিখ এবং সময়ও অন্তর্ভুক্ত থাকে। প্রয়োজনে আপনি এটি এডিট করতে পারেন। চাইলে আপনি ওই শিডিউল করা মেসেজ ডিলিটও করতে পারেন। এই সুবিধা শুধুমাত্র ব্যক্তিগত চ্যাটের ক্ষেত্রেই নয়, গ্রুপের ক্ষেত্রেও প্রযোজ্য। এই ফিচারটি ১০ মিনিট থেকে ২ সপ্তাহ পর্যন্ত শিডিউল করা যাবে।

# শ্যামনগরে শ্রদ্ধায় ও সুরে রবীন্দ্র-নজরুল জয়ন্তী উদযাপন

**নিজস্ব প্রতিবেদন:** অত্যন্ত নিষ্ঠা ও উৎসবমুখর পরিবেশের মধ্য দিয়ে শ্যামনগরে অনুষ্ঠিত হলো রবীন্দ্র-নজরুল জয়ন্তী উদযাপন। স্থানীয় 'চক্রবর্তী' পরিবারের বিশেষ উদ্যোগে এবং আদিত্রীর পরিচালনায় এই মনোজ্ঞ সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করা হয়। অনুষ্ঠানের মূল লক্ষ্য ছিল দুই বিশ্ববরেণ্য কবি রবীন্দ্রনাথ ঠাকুর ও কাজী নজরুল ইসলামের কালজয়ী অবদানকে স্মরণ করা এবং তরুণ প্রজন্মের মধ্যে সাংস্কৃতিক চেতনা ও সামাজিক সম্পৃক্ততা বৃদ্ধি করা। অনুষ্ঠানের মূল আকর্ষণসমূহ শিশুশিল্পীদের প্রতিভা অনুষ্ঠানের অন্যতম প্রধান আকর্ষণ ছিল শিশুদের পরিবেশনা। ক্ষুদে শিল্পীদের



সুনিপুণ নৃত্য, রবীন্দ্র-নজরুল গীতি এবং চমৎকার কবিতা আবৃত্তি উপস্থিত দর্শকদের মুগ্ধ করে। ব্যাপক অংশগ্রহণ সেন্ট অগাস্টিন স্কুলের ছাত্রছাত্রীসহ প্রায় শতাধিক আঞ্চলিক শিল্পী ও অভিভাবক এই অনুষ্ঠানে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। সাংস্কৃতিক মিলনমেলা প্রবীণ ও নবীন শিল্পীদের মেলবন্ধনে অনুষ্ঠানটি একটি প্রাণবন্ত সাংস্কৃতিক মিলনমেলায় পরিণত হয়। উদ্যোক্তাদের মতে, এই ধরনের আয়োজন তরুণ প্রজন্মের মনে আমাদের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্য ও গর্বকে টিকিয়ে রাখতে এবং তাদের শৈল্পিক প্রতিভার বিকাশে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। উপস্থিত অভিভাবক ও স্থানীয় বাসিন্দারা এই প্রশংসনীয় উদ্যোগের ভূয়সী প্রশংসা করেন এবং আগামী দিনেও এমন আয়োজনের আশা ব্যক্ত করেন।




# নেদারল্যান্ডসের সঙ্গে ড্র করেও দর্শকদের মন জিতল জাপান



**নিজস্ব প্রতিবেদন:** বিশ্বকাপের মঞ্চে বড় দলগুলো যেমন চমক দেখাচ্ছে, তেমনই ছোট দলগুলোও উঠে আসছে। আজ রাতে যেমন জাপানের (জ্বাখদ্মখ:) কাছে শেষ মুহূর্তে গোল খেয়ে জেতা ম্যাচ মাঠে ফেলে এল নেদারল্যান্ডস। ৮৯ মিনিটে গোল করে দলকে নিশ্চিত হার থেকে বাঁচালেন ডাইচি কামাডা। তবে জাপানের এই চমক কিন্তু নতুন নয়। ২০২২ বিশ্বকাপে জার্মানি, স্পেনকে হারিয়ে অঘটন ঘটিয়েছিলেন জাপানের খেলোয়াড়রা। আজকেও সেই 'হার না মানা' মনোভাবই হার থেকে বাঁচল জাপান। প্রথমার্ধেই এগিয়ে যাওয়ার সহজ সুযোগ মিস করেছিল দুই দলই। তবে প্রথমার্ধেই বলের দখল রাখার চেষ্টা করছিল দুই দল। কিন্তু বেশ কিছু সহজ সুযোগও মিস করেছে নেদারল্যান্ডস। যেখানে জাপান মানেই আগ্রাসী ফুটবল, সেখানে এই খেলা দেখে হতাশ হতে হচ্ছিল বারবার। নাকামুরারা বেশ কিছু গোলের সুযোগ পেলেও খাতা খোলেনি জাপানের। তবে দ্বিতীয়ার্ধে গোলের সুযোগ পায় নেদারল্যান্ডস। ৫১ মিনিটে হেডে গোল করে দলকে এগিয়ে দেন নেদারল্যান্ডস অধিনায়ক ভার্জিন ভান ডাইক। এর ৬ মিনিট পরেই পালটা প্রত্যাঘ্যাত করে জাপান। তাকেফুসা কুবোর পাস থেকে গোল করে যান কিইটো নাকামুরা। ৭ মিনিট পরে আবার গোল করে নেদারল্যান্ডস। গ্রাভেনবার্খের অ্যাসিস্ট থেকে গোল করে দলকে এগিয়ে দেন ক্রিসেনসিও সামারভিল। এরপর জাপান গোলের চেষ্টা করলেও গোল আসেনি। তবে ৮৯ মিনিটে কপাল খুলল জাপানের। কর্নার থেকে ভেসে আসা বলে মাথা ছুইঁয়ে বল জালে জড়িয়ে দেন ডাইচি কামাডা। তবে বলের হেডটি করেছিলেন কোকি ওগাওয়া। কিন্তু গোলের কৃতিত্ব পেলেন কামাডা। নির্ধারিত সময়ে ২-২ ড্র করল জাপান। তবে অন্যবারের বিশ্বকাপের মতো আবারও মন জিতলেন জাপান সমর্থকরা। খেলা শেষ হওয়ার পর পুরো স্টেডিয়াম পরিষ্কার করে মাঠ ছাড়েন জাপানের সমর্থকরা। অতীতে রাশিয়া, কাতারে বিশ্বকাপ চলাকালীন এই দৃশ্য দেখেছে ফুটবল বিশ্ব। এবার আমেরিকাতেও একই কাজ করে বিশ্বের ফুটবল সমর্থকদের মন জিতলেন জাপানের সমর্থকরা।

# ফুটবলেও স্নিকো! ৫ গোলের দাপটে দুরন্ত জয় সুইডেনের

**নিজস্ব প্রতিবেদন:** বিশ্বকাপে আট বছর পর প্রত্যাবর্তন করে দুর্দান্ত সূচনা করল সুইডেন। গ্রুপ এফ-এর ম্যাচে টিউনিসিয়াকে ৫-১ গোলে হারিয়ে নিজেদের শক্তির পরিচয় দিল গ্রাহাম পটারের দল। আক্রমণাত্মক ফুটবল, নিখুঁত পাসিং এবং প্রযুক্তির অভিনব ব্যবহারে ম্যাচটি বিশেষ গুরুত্ব পেয়েছে। বিশেষ করে ইয়াসিন আয়ারির জোড়া গোল এবং স্নিকো প্রযুক্তির প্রথম বিশ্বকাপ-ব্যবহার ফুটবলপ্রেমীদের মধ্যে আলোচনার কেন্দ্রবিন্দু হয়ে উঠেছে।

ম্যাচের শুরু থেকেই সুইডেন আক্রমণাত্মক মেজাজে খেলতে থাকে। সপ্তম মিনিটেই অসাধারণ এক দূরপাল্লার শটে দলকে এগিয়ে দেন ইয়াসিন আয়ারি। টিউনিসিয়ান বংশোদ্ভূত এই মিডফিল্ডার গোল করার পর কোনও উচ্ছ্বাস প্রকাশ না করে নিজের পিতৃভূমির প্রতি সম্মান জানান, যা দর্শকদের প্রশংসা কুড়িয়েছে। এই গোলের পর সুইডেন আরও আত্মবিশ্বাসী হয়ে ওঠে এবং টিউনিসিয়ার রক্ষণভাগের উপর ক্রমাগত চাপ সৃষ্টি করতে থাকে।

৩০ মিনিটে ব্যবধান দ্বিগুণ করেন আলেকজান্ডার ইসাক। সুইডেনের দ্রুত আক্রমণ থেকে তৈরি হওয়া সুযোগ কাজে লাগিয়ে তিনি বল জালে জড়িয়ে দেন। প্রথমার্ধে সুইডেনের দাপট স্পষ্ট থাকলেও ৪৩ মিনিটে ওমর রেকিকের হেডে একটি গোল শোধ করে টিউনিসিয়া। সেই গোলের ফলে বিরতির সময় স্কোরলাইন দাঁড়ায় ২-১ এবং ম্যাচে



ফেরার আশা দেখেছিল আফ্রিকার দলটি।

তবে দ্বিতীয়ার্ধে সুইডেন কোনও সুযোগ দেয়নি প্রতিপক্ষকে। মাঝমাঠের নিয়ন্ত্রণ ধরে রেখে তারা একের পর এক আক্রমণ চালাতে থাকে। ভিক্টর গিয়োকেরেসও গোলের খাতা খুলে দলের জয়কে আরও সহজ করে দেন। বিশ্বকাপের যোগ্যতা অর্জনের প্লে-অফে গুরুত্বপূর্ণ ভূমিকা নেওয়া এই স্ট্রাইকার আবারও নিজের মূল্য প্রমাণ করেন।

ম্যাচের অন্যতম আলোচিত ঘটনা ঘটে ৮৪ মিনিটে। মাটিয়াস সভানবার্গ গোল করলেও প্রথমে অফসাইডের কারণে সেটি বাতিল করা হয়। পরে ভিডিও অ্যাসিস্ট্যান্ট রেফারি ()ঙ্টু) প্রযুক্তির সাহায্যে সিদ্ধান্ত পুনর্বিবেচনা করা হয়। সেখানে ব্যবহার করা হয় স্নিকো প্রযুক্তি, যা ক্রিকেটে ডিআরএস ব্যবস্থায় বহুল পরিচিত। প্রযুক্তির মাধ্যমে দেখা যায়, বলটি সভানবার্গের কাছে পৌঁছানোর আগে আলেকজান্ডার ইসাকের বুটে সামান্য স্পর্শ করেছিল। খালি চোখে যা বোঝা সম্ভব ছিল না, প্রযুক্তি তা স্পষ্ট করে দেয়। ফলে গোলটি বৈধ ঘোষণা করা হয়। ফুটবল বিশ্বকাপে 'স্নিকো' নাম নিয়ে এই প্রযুক্তির এটিই প্রথম ব্যবহার, যা ভবিষ্যতে বিতর্কিত সিদ্ধান্ত নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে পারে। ম্যাচের একেবারে শেষ মুহূর্তে, যোগ করা সময়ের ষষ্ঠ মিনিটে, ইয়াসিন আয়ারি নিজের দ্বিতীয় গোল করে টিউনিসিয়ার শেষ আশাটুকুও শেষ করে দেন। তাঁর দুই গোলই ইতিমধ্যেই চলতি বিশ্বকাপের সেরা গোলগুলির মধ্যে স্থান পাওয়ার দাবিদার বলে মনে করছেন অনেক বিশেষজ্ঞ।

এই জয়ের ফলে গ্রুপ এফ-এর শীর্ষে উঠে এসেছে সুইডেন। একই গ্রুপের অন্য ম্যাচে জাপান ও নেদারল্যান্ডস ২-২ গোলে ড্র করায় সুইডেনের অবস্থান আরও শক্তিশালী হয়েছে। বিশ্বকাপে প্রত্যাবর্তনের প্রথম ম্যাচেই এমন দাপুটে পারফরম্যান্স দেখিয়ে সুইডেন স্পষ্ট বার্তা দিল;তারা এবার শুধু অংশগ্রহণ করতেই নয়, বড় সাফল্যের লক্ষ্য নিয়েই মাঠে নেমেছে।

# ২০১৪-র স্মৃতি ফিরিয়ে কুরাসাও-কে সাত গোল জার্মানির



**নিজস্ব প্রতিবেদন:** বিশ্বকাপের প্রথম ম্যাচেই নিজেদের জাত চেনালো জার্মানি। একটা দল চারবার বিশ্বকাপ জিতেছে, আরেকটা দলের ফিফা ব্যাঙ্কিং ৮২। কুরাসাও -এর নাম ফুটবলপ্রেমীরা কমই শুনেছেন। প্রথম ছ'মিনিটে দাপটের সঙ্গে ফুটবল খেলা শুরু করে জার্মানরা। একের পর এক আক্রমণ নানান কৌশলে কুরাসাও -এর রক্ষণ আগেল রাখাছিল। কুরাসাও -কে ৭-১ গোলে হারাল জার্মানি। ২০২৬-এ ফিরল ২০১৪ সালের স্মৃতি।

ম্যাচের ৬ মিনিটেই ডান পায়ের শটে জার্মানির হয়ে প্রথম গোল করেন ফেলিক্স এনমেচা। কুরাসাও লড়াইয়ে টিকতে পারছিল না। ২১ মিনিটে খেলার বিপরীতে গিয়ে কাউন্টার অ্যাটাকে জোরাল শটে গোল করেন লিভানো কোমেনসিয়া। সেই গোল আশার আলো দেখালেও বেশিক্ষণ তা স্থায়ী হয়নি। ৩৮ মিনিটের কর্নার থেকে গোল করে জার্মানিকে ২-১ এগিয়ে দেন নিকো সোলোত্তেরবেক। প্রথম অর্ধের অতিরিক্ত সময়ে পেনাল্টি থেকে খেলার স্কোর ৩-১ করেন কাই হাভের্তজ। দ্বিতীয়ার্ধেও একই ভাবে আধিপত্য বিস্তার করে খেলে জার্মানি। জামাল মুসিয়ালা ৪৭ মিনিটে গোল করে ব্যবধান আরও বাড়িয়ে দেন। এরপর যথাক্রমে ৬৮ এবং ৭৮ মিনিটে গোল করেন নাথাননিল ব্রাউন এবং ডেনিজ উনদেভ। আরও তিন-চার গোল অবধারিত ছিল, তবে গোলকিপার এলোই রুমের কারণে বেঁচে যায় কুরাসাও। একাধিক অবধারিত গোল বাঁচিয়েছেন তিনি। এই ম্যাচ ২০১৪ সালে জার্মানি-ব্রাজিল ম্যাচের স্মৃতি ফেরালো।